শিশু কিশোর আকাদেমি

তথ্য ও সংস্কৃতি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার

আয়োজিত

# 4th Kolkata International Children's Film Festival

**21-28 December, 2014**




## চতুর্থ কলকাতা আন্তর্জাতিক শিশু কিশোর চলচ্চিত্র উৎসব

২১ থেকে ২৮ ডিসেম্বর, ২০১৪

# ৪র্থ কলকাতা আন্তর্জাতিক শিশু কিশোর চলচ্চিত্র উৎসব উপলক্ষে আকাদেমির দুটি আকর্ষণীয় প্রকাশনা




ওয়াল্ট ডিজনি ছোটোদের স্বপ্নরাজ্যের অপূর্ব কারিগর। একটি সমীক্ষায় জানা গিয়েছে গোটা পৃথিবীর ছোটো-বড়ো সব বয়সের অন্তত দু-কোটি মানুষ প্রত্যেক মাসে ওয়াল্ট ডিজনির বই পড়েন, ছবি দেখেন অথবা তাঁর ছবি অনুকরণ করেন। ছোটোদের কাছে তাঁর সৃষ্ট মিকি মাউস, ডোনাল্ড ডাক, গুফি গুফ যেন চেনা বন্ধুদেরই একজন। ডিজনি স্টুডিও-র ৭৫ বছর পূর্তি উপলক্ষ্যে শিশু কিশোর আকাদেমি প্রকাশ করল ঝকঝকে রঙিন স্মারক গ্রন্থ 'ডিজনির ম্যাজিক দুনিয়া'।
সম্পাদনা ল্যাডলী মুখোপাধ্যায়, অলংকরণ হিরণ মিত্র।




'চার্লি চ্যাপলিন' বিশ্বের ঘরে ঘরে একটি উচ্চারিত নাম। শুধুমাত্র একজন সিনেমা অভিনেতা কিংবা সিনেমা পরিচালক হিসেবেই সারা পৃথিবীর কাছে তাঁর পরিচিতি নয়, তিনি চার্লি চ্যাপলিন হয়েছেন তাঁর এক অনন্যসাধারণ নিজস্বতার জন্য, সাহিত্য, সঙ্গীত, চিত্রকলা, অভিনয় সব কিছুর বাইরেও আরও কিছু। বাংলায় তাঁকে নিয়ে লেখা ছোটোদের উপযোগী বই বড়ো একটা নেই। চার্লি চ্যাপলিনের জন্মের ১২৫ বছরকে সামনে রেখে শিশু কিশোর আকাদেমি প্রকাশ করল ঝকঝকে রঙিন স্মারক গ্রন্থ 'চার্লি ১২৫', যা ছোটো-বড়ো সবার ভালো লাগবে।
সম্পাদনা ল্যাডলী মুখোপাধ্যায়, অলংকরণ হিরণ মিত্র।

KICFF 2014

# 4th Kolkata International Children's Film Festival




চতুর্থ কলকাতা আন্তর্জাতিক
শিশু কিশোর চলচ্চিত্র উৎসব

A Kolkata International Children's Film Festival Publication
December 21, 2014

*Published on the occasion of:*
4th Kolkata International Children's Film Festival
By Meghnad De, Secretary, Shishu Kishore Akademi
& Convener, 4th Kolkata International Children's Film Festival
1/1 A. J. C. Bose Road, Kolkata 700 020
Tel: 033 2223-6210/11/58
Fax: 033 2223-6211. email: askcukolkata@gmail.com
Website: www.askcu.org, www.kicff.in

*Printed by*
The Saraswati Printing Works
2 Guruprasad Chowdhury Lane
Kolkata 700 006

सत्यमेव जयते

মুখ্যমন্ত্রী
পশ্চিমবঙ্গ
Chief Minister
West Bengal



## শুভেচ্ছাবার্তা

শিশু কিশোরদের কাছে "কলকাতা আন্তর্জাতিক শিশু কিশোর চলচ্চিত্র উৎসব" সারাবছরের প্রতীক্ষিত একটি বার্ষিক অনুষ্ঠান। আমি খুশি যে আমাদের সরকারের এই উদ্যোগ  নতুন প্রজন্মের ছোটোদের মধ্যে ইতিমধ্যেই খুব ভালো সাড়া ফেলেছে।

পশ্চিমবঙ্গ সরকারের তথ্য ও সংস্কৃতি বিভাগের শিশু কিশোর আকাদেমি, অন্যান্য বছরের মতো এ বারও, আগামী ২১-২৮ ডিসেম্বর, ২০১৪, এই উৎসবের আয়োজন করছে। উৎসবের চতুর্থ সংস্করণে প্রায় ১৮০টি জাতীয় ও আন্তর্জাতিক চলচ্চিত্র প্রদর্শিত হবে। নির্বাচিত ছবিগুলি শিশু কিশোরদের নৈতিক মূল্যাবোধকে লালন করতে ও তাদের কল্পনাশক্তিকে ডানা মেলতে সাহায্য করবে বলে আমার বিশ্বাস

আমি এই উৎসবের সর্বাঙ্গীন সাফল্য কামনা করছি। আমার সকল ছোট্ট বন্ধুদের জন্য রইল অনেক অনেক শুভেচ্ছা ও ভালোবাসা।

মমতা ব্যানার্জ্জী

## Message

"Kolkata International Children's Film Festival" is now a much-awaited popular annual event for the children and young minds. I am happy that this initiative of our Government has elicited such wonderful response form the young generation.

This year the Shishu Kishore Akademi under the Information & Cultural Affairs Department is going to organize the 4th edition of the festival of different categories will be screened in the festival. I believe the selected films would help to stimulate the imagination and emotions of our young folk and reinforce their moral values.

I wish the Children's Film Festival lots of success and wish my little friends all the very best.

Mamata Banerjee

4th Kolkata International Children's Film Festival

सत्यमेव जयते



**Dr. Amit Mitra**
*Minister-in-Charge*
Finance, Excise, Commerce & Industries,
Public Enterprises, Industrial Reconstruction and
Information Technology & Electronics Departments
GOVERNMENT OF WEST BENGAL

## শুভেচ্ছাবার্তা

চেতনা, মূল্যবোধ ও সৃষ্টিশীল কল্পনাগুলি বিকাশের একটি অন্যতম শক্তিশালী মাধ্যম হল চলচ্চিত্র। চলচ্চিত্র এই বিষয়গুলি সংযুক্ত করে যেমন বিশুদ্ধ বিনোদন প্রদান করে, ঠিক তেমনি জনসংযোগের ক্ষেত্রে চলচ্চিত্র একটি গুরুত্বপূর্ণ অঙ্গ এবং সুকুমার মনের শিক্ষাবিস্তারে এটি হল একটি কার্যকরী মাধ্যম।

পশ্চিমবঙ্গ সরকারের তথ্য ও সংস্কৃতি বিভাগের অন্তর্গত শিশু কিশোর আকাদেমি গত কয়েক বছর ধরে সাফল্যের সঙ্গে "কলকাতা আন্তর্জাতিক শিশু কিশোর চলচ্চিত্র উৎসব"-এর আয়োজন করছে। আমি জেনে অত্যন্ত খুশি হয়েছি যে, চতুর্থ পর্যায়ে, এই অনন্য উৎসবটি ২১ শে ডিসেম্বর, ২০১৪ থেকে শুরু হতে চলেছে।

আমাদের সরকার সাংস্কৃতিক কার্যকলাপের উন্নতিসাধনে প্রচুর কার্যকরী পদক্ষেপ নিয়েছেন এবং বিশেষভাবে এই উৎসবে বিনোদনের মাধ্যমে নতুন প্রজন্মকে প্রশিক্ষিত করে তোলার প্রয়াসটি লক্ষণীয়। বিনোদন ছাড়াও, এই উৎসব চলাকালীন শিশুরা বিভিন্ন কর্মশালা ও আলোচনাসভার মাধ্যমে চলচ্চিত্র সম্পর্কে প্রচুর শিক্ষার সুযোগ পাবে।

"কলকাতা আন্তর্জাতিক শিশু কিশোর চলচ্চিত্র উৎসব"-এর উদ্যোক্তাদের আমার আন্তরিক শুভেচ্ছা জানাই এবং আমি আশা করি, বিগত বছরগুলির মতো, এই উৎসব বিপুল সাফল্য পাবে এবং এই অনন্য উৎসবে শিশুরা চলচ্চিত্র দেখার মধয দিয়ে প্রচুর মজা ও আনন্দ উপভোগ করবে।

ড. অমিত মিত্র

## Message

Cinema is one of the most powerful medium for disseminating ideas, values and creative imaginations. Sence it combines these with pure entertainment, it is also an important tool for communication and an effective means for educating the young minds.

**Shishu Kishore Akademi** under the aegis of information & Cultural Affairs Department, Government of West Bengal, is successfully organizing the **"Kolkata International Children's Film Festival"** for the last few years. I am delighted to learn that the 4th edition of this unique Festival will be held this year from 21st December, 2014, onwards.

Our government has taken several path breaking initiatives for promoting cultural activities and this particular event aims towards educating the new generation through entertainment. Besides entertainment, the children will also come to learn a lot about the medium of cinema through workshops and seminars during this Festival.

I convey my best wishes to the organizers of the "Kolkata International Children's Film Festival" and I hope that this Festival, like the previous years, will be a great success and amy all the children have utmost fun and enjoy watching movies in this unique Festival.

Dr. Amit Mitra

4th Kolkata International Children's Film Festival

सत्यमेव जयते



**Principal Secretary**
Department of I&CA
Government of West Bengal
Chairperson, KICFF

## শুভেচ্ছাবার্তা

সন্তানের জন্য সিনেমা নির্বাচন করতে গিয়ে অভিভাবকরা প্রায়ই দ্বিধাগ্রস্ত হয়ে পড়েন এই ভেবে যে কোন সিনেমা তাঁদের সন্তানের দেখা উচিত। এর তাৎক্ষণিক সমাধান হিসাবে প্রতিবছর 'কলকাতা আন্তর্জাতিক শিশু কিশোর চলচ্চিত্রোৎসব' অনুষ্ঠিত হচ্ছে, সেখানে এক সপ্তাহ ধরে দেখানো হয় ছোটোদের উপযোগী দেশ বিদেশের একগুচ্ছ ভালো সিনেমা। এইসব সিনেমার বেশিরভাগই ছোটোদের কল্পনাকে উস্‌কে দিয়ে তাদের মূল্যবান শিক্ষা জোগায়। সিনেমাগুলির মধ্য দিয়ে ছোটোরা পৃথিবীর বিভিন্ন অঞ্চলের সমাজ, ঐতিহাসিক ঘটনা ও কাহিনির সঙ্গে পরিচিত হয়। সেগুলি সচরাচর তাদের আজানা থাকে।

এ বছর ভারতসহ বিশ্বের ২৫টি দেশের ১৭৫ টি সিনেমা দেখানো হবে। এই ছবিগুলি ফিচার ফিল্ম, অ্যানিমেশন ফিল্ম, আর্কাইভাল ফিল্ম, অ্যাডভেঞ্চার ফিল্ম এবং শর্ট অ্যাণ্ড ডকুমেন্টারি ফিল্ম সহ ২৬টি বিভাগ জুড়ে দেখানো হবে। 'ফোকাস কান্ট্রি' হিসাবে ইরানের একগুচ্ছ ভালো ছবি থাকবে। ছোটোদের এই উৎসবে ছোটোরাই যে সবচেয়ে গুরুত্বপূর্ণ তা প্রতিষ্ঠিত করার জন্য উদ্বোধনী ছবি 'কাফল'-এর শিশু অভিনেতারা উৎসবের উদ্বোধন করবে।

আমি আমার আন্তরিক কৃতজ্ঞতা জানাই সেই সমস্ত প্রতিষ্ঠান এবং সংস্থাকে, যেমন সিনে সেন্ট্রাল কলকাতা, ফিল্মস ডিভিশন কলকাতা, গ্যেটে ইনস্টিটিউট কলকাতা, আমেরিকান দূতাবাস, আলেয়াঁস ফ্রাঁসো দ্যু বেঙ্গল, চিলড্রেনস্ ফিল্ম সোস্যাইটি ইন্ডিয়া, ন্যাশনাল ফিল্ম আর্কাইভ অভ ইন্ডিয়া এবং অন্যান্য সবাইকে, যাদের সহযোগিতা ছাড়া উৎসব বর্ণময় ও সফল হত না। আমি একইসঙ্গে ধন্যবাদ জানাই শিশুকিশোর আকাদেমির কর্মী ও আধিকারিকদের এই উৎসবের সষ্ঠু আয়োজনে আন্তরিক প্রচেষ্টার জন্য। সর্বোপরি, আয়োজক হিসাবে আমরা ধন্যবান জানাই আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী এবং মাননীয় অর্থমন্ত্রীকে তাঁদের সক্রিয় সহযোগিতা, উৎসাহ এবং সক্রিয় অংশগ্রহণের জন্য।

অত্রি ভট্টাচার্য্য

## Message

Quite often than not, parents are in a dilemma when it comes to decide what films they should allow their children to watch and what not. Kolkata International Children's Film Festival provides the ready solution by offering a package of the good children's cinema made in India and all over the world once in a year. Most of the selected films would fire their imagination and some will teach important lessons of life. Through these movies, the children will also be introduced to culture and image of different societies, historical events and stories of various zones of this earth with which they are still unfamiliar.

This year there will be about 175 films from India and 25 foreign countries. These will be screened under 26 sections consisting of feature films, animation films, and archival films, and adventure films, short & documentary films. Iran will be the focus country and a good number of Iranian films will be showcased. The festival will be inaugurated by the child actors of the inaugural film "Kaphal" This will give message that that this is exclusively a festival for the children and they will get priority in all important issues related to the festival.

I convey my sincere gratitude to all organizations and agencies like Cine Central Calcutta, Films Division Kolkata, Goethe Institute Kolkata, U.S. Consulate, Alliance Françoise du Bengal, Children's Film Society India, National Film Archive of India and all others but for whose support this film festival could not be so colourful and successful. I also thank the members and officials of Shishu Kishore Akademi for their wholehearted efforts towards organizing this festival smoothly. Above all, we the organizers thank our Hon'ble Chief Minister and the Hon'ble Finance Minister, West Bengal for their kind support, encouragement and active participation.

A Bhattacharya

Atri Bhattacharya

4th Kolkata International Children's Film Festival

## বার্তা

আবার চলে এলো উৎসবের সময়। গত তিন বছরের মত এবারও তোমাদের জন্য শিশু কিশোর আকাদেমির পক্ষ থেকে আমরা আয়োজন করেছি চতুর্থ কলকাতা আন্তর্জাতিক শিশু চলচ্চিত্র উৎসব। প্রথম থেকেই এই উৎসবের উদ্দেশ্য ছিল দেশ-বিদেশের সিনেমার সঙ্গে তোমাদের পরিচিত হওয়ার পরিসরটি যথাসম্ভব বাড়িয়ে দেওয়া। কেননা, সিনেমা দেখার মধ্যে যেমন আনন্দ আছে, মজা আছে, আবার তেমনি এর মধ্যে আছে শিক্ষাও, সমাজকে জানা, ইতিহাসকে জানা, দুনিয়ার নানা তথ্য সম্পর্কে ওয়াকিবহাল হওয়া। আর সেখান থেকেই তৈরি হবে তোমাদের নিজস্ব দৃষ্টিভঙ্গিকে, ভাবনাকে, কল্পনাকে প্রসারিত করার অবকাশ। শুধু আমাদের দেশই নয়, তোমরা জানতে পারবে সারা পৃথিবীতে কীভাবে ঘটে চলেছে নানা পরিবর্তন, আর আঁচ পাবে প্রযুক্তির নানা নিত্যনতুন আবিষ্কারের। আসলে সিনেমা এমন একটি শিল্পমাধ্যম যা আমাদের জীবনের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িয়ে পড়েছে। এইসব সাতপাঁচ ভেবেই শিশু কিশোর আকাদেমি এই উৎসবের আয়োজন করে চলেছে বছরের পর বছর। তোমরা শুনলে খুশি হবে যে ফি-বছর এই উৎসব বহরে ও বিষয় বৈচিত্রে বাড়ছে। ছবির সংখ্যা যেমন বাড়ছে, তেমনি বাড়ছে দেশের সংখ্যাও। উৎসবে শুধুই কি ছবি দেখা? আরো থাকছে তোমাদের জন্য একগুচ্ছ কর্মশালা। যেখানে তোমরা সিনেমা সংক্রান্ত নানা বিষয়-আশয় সম্পর্কে জানতে পারবে। আগের বছরের মতো এবারও থাকছে কর্মশালা ভিত্তিক কিশোরদের তৈরি করা ছয়টি ছবি। বিভিন্ন বিভাগে ছবি প্রদর্শনের আগে বা পরে থাকছে তাই নিয়ে আলোচনা। সব মিলিয়ে জমজমাট উৎসব। মনে রেখো, এই বছরটায় চার্লি চ্যাপলিনের একশো পঁচিশতম জন্মদিন, আমাদের প্রিয় 'দ্য কিড' সিনেমার বিখ্যাত শিশু অভিনেতা জ্যাকি কুগানের একশো বছর পূর্ণ হল। আবার অন্যদিকে ডিজনি ফিচার স্টুডিওর পঁচাত্তর আর ছোটদের প্রিয় চরিত্র মেরি পপিন্সের পঞ্চাশ বছর পূর্ণ হল এ বছর। এসব কথা মাথায় রেখেই সাজানো হয়েছে এবারের উৎসবের ডালি। এবার শুধু হল থেকে হলে ছবি দেখার পালা। সবার শেষে এই উপলক্ষে দেশ বিদেশে বিভিন্ন সরকারি বেসরকারি প্রতিষ্ঠান যারা নানাভাবে এই উৎসবকে সফল করার জন্য সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছেন তাঁদের ধন্যবাদ জানিয়ে শেষ করছি।

অর্পিতা ঘোষ

**Director**
4th Kolkata International
Children's Film Festival



## Message

The Festive time is here again! Following the tradition of last three years, Shishu Kishore Akademi has organized the $4^{th}$ Kolkata International Children's Film Festival this year. From the very beginning, our aim was to expand the scope of your acquaintance with world cinema. Cinema provides us with entertainment and fun, on the other hand it educates us. It bestows us knowledge about the society, our history and various information about our world, which help you to develop your own point of view, inculcate your ideas and imagination. You get to know how the world is ever changing with invention of new technologies. In fact, cinema is such a medium of art which has got entwined with our life. Keeping all these in mind Shishu Kishore Akademi is organizing this annual festival for you. You will be happy to know that every year the festival is growing not only in size but also in content, there are more countries sending in more and more films. But is the festival all about watching movies? No, there are few workshops also, where you will be able to learn about various components of films. This year again we are presenting six films made by young participants of our film making workshop. There are engaging discussions to introduce films presented under different sections. It will be a grand festival, indeed! This year, we are celebrating $125^{th}$ anniversary of Charlie Chaplin and centenary of Jackie Coogan, the famous child actor of 'The Kid'. Moreover, Disney Feature studio has completed its $75^{th}$ year and it is the golden jubilee year of the all time favourite character 'Mary Poppins'. The festival pays tribute to all of them. Now, it is time to come and enjoy the festival. I must take this opportunity to thank all the organizations from India and other countries who have helped us organizing this festival.

Arpita Ghosh

4th Kolkata International Children's Film Festival



## সম্পাদকীয়

একশো সতেরো বছর আগে স্থিরচিত্র থেকে চলচ্চিত্র আবিষ্কার হয়। এরপর ক্রমাগত প্রযুক্তির নতুন নতুন প্রয়োগে সিনেমা হয়ে ওঠে আমাদের সমাজের অঙ্গ, সংস্কৃতির অঙ্গ। শিশু থেকে কিশোর, যুবক থেকে বয়স্করা ক্রমশ আকৃষ্ট হতে থাকে চলচ্চিত্রের প্রতি। ফিল্ম ক্রমে তথ্য থেকে ইতিহাস শিক্ষা থেকে সংস্কৃতিতে এক অনিবার্য শিল্পমাধ্যম হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করে। আজকের ডিজিটাল ছবির দুনিয়ায় এর সম্ভাবনা, এর বিস্তার মুহুর্মুহু বেড়ে চলেছে। এই বাস্তব অবস্থার কথা ভেবেই শিশু কিশোর আকাদেমি পূর্তি বছর এই সময়ে কলকাতা আন্তর্জাতিক শিশু চলচ্চিত্র উৎসবের আয়োজন করে। এই উৎসব চতুর্থ বছরে পদার্পণ করলো। প্রায় বাইশটি দেশের দুশোর বেশি ছবি চতুর্থ কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে দেখানো হবে। কলকাতা শহরে এ উৎসব। দেশ-বিদেশের ছবির মধ্যে থাকবে অ্যানিমেশন ছবি, তথ্যচিত্র আর স্বল্পদৈর্ঘ্যের ছবি। পুরোন ক্ল্যাসিক পর্যায়ের ছবি যেমন দেখানো হবে তেমনই থাকছে একেবারে টাটকা ২০১৩-২০১৪ সালের পূর্ণ দৈর্ঘ্যের ছবি। শিশু কিশোর আকাদেমি গত বছর থেকেই একটি উল্লেখযোগ্য কর্মশালা আয়োজন করে ছলেছে। এখানে শিশু কিশোরেরা নিজেরাই ভেবে, তাদের বিষয় নির্বাচন করে, চিত্রনাট্য লিখে, নিজেরাই বানায় ছোটো ছোটো ছবি। এবার পুরুলিয়ায় এই কর্মশালা থেকে তৈরি হয়েছে ছ'ছয়টা ছবি। যা দেখানো হবে 'আমাদের ছবি' বিভাগে। এছাড়াও এই বছর চার্লি চ্যাপলিনের একশো পঁচিশ বছর ও দ্য কিড খ্যাত জ্যাকি কুগানের একশো বছর। সঙ্গে থাকছে একগুচ্ছ ওয়াল্ট ডিজনি। উৎসব প্রাঙ্গনে পাওয়া যাবে চার্লি ও ডিজনির ওপর তৈরি দুটি পৃথক সঙ্কলন। কাজেই ছবি দেখতে চলে এসো আর চার্লি ও ডিজনি নিয়ে বছর ভরের খোরাক সংগ্রহ করে নিয়ে যাও। কথা দিচ্ছি অন্যান্য বারের মত এবারও এই আয়োজনে তোমরা মুগ্ধ হবেই।

ল্যাডলী মুখোপাধ্যায়

## The Executive Editor speaks

A hundred and seventeen years from now, photographs developed into motion cinema as we know it. Ever since then with constant novelties in technology and its application, films have become a part of our society and its culture. From the little kids to the teenagers, the youngsters to the old folks, all have with time grown equally attracted towards the cinematic medium. From informative documentation of facts to scholarly representation of history, Cinema has established itself as an integral form of art.In our digital world, the boundaries of cinema are ever expanding.

Keeping this in mind, every year the Shishu Kishore Academy takes care to organize an International Children's Film Festival at Kolkata around this time of the year. This festival is currently celebrating its 4th year, and shall showcase an ensemble of at least 200 films from 22 nations for open public screening, an event exceptional and trend-setting in its way. Among these 200 there would not only be feature films from all over the world, but animation films, and exhilarating documentaries and short films.

On one hand this Festival shall screen films from the era of the classics, while screening the freshest bunch of international films made in the last 2 years of 2013-14.

From last year, the Shishu Kishore Academ yhas also been organizing a unique film-making workshop for children in association with this festival, a workshop where participants themselves choose their subject, write scripts and make short films. This year the workshop was held in Purulia and participants made six films, that will be screened in the 'Our Films' section. This year is the birth centenary of Jackie Coogan of 'The Kid' fame and 125th birth anniversary of Charlie Chaplin. There will also be a bunch of Disney films to commemorate 75 years of Disney studios. Two literary volumes in tribute to Chaplin and Disney will be available at the venues. So, come one and all to our grand film fiesta and collect the volumes. We promise to enchant you through our endeavours.

Ladly Mukhopadhaya

# Committees & Sub-Committees
# For The 4th Kolkata International Children's Film Festival, 2014

## Advisory Committee

Amit Mitra *(MIC, Finance)*
Partha Chatterjee *(MIC, Education)*
Bratya Basu *(MIC, Tourism)*
Shovan Chattopadhyay *(Mayor, KMC)*
Rudraprasad Sengupta
Bivas Chakraborty
Saoli Mitra
Shamik Bandyopadhyay
Jogen Chowdhury
Ranjit Mullick
Prosenjit Chatterjee
Sandip Ray
Goutam Ghosh
Indranil Sen
Shirshendu Mukhopadhyay
Purnima Dutta
Sumita Bhattacharya
Piyali Sengupta, *Joint Secretary (Coordination), I&CA Dept*
Sudip Ghosh, *Joint Secretary (Administration), I&CA Dept*
Namita Roy Mallick, *Joint Secretary & E.O. Director of Culture, I&CA Dept*
Ritendra Narayan Basu Roy Chowdhury, *Director of Information & E.O. Joint Secretary, I&CA Dept*
Alokajjal Bandyopadhyay, *Joint Secretary (Film), I&CA Dept*

## Executive Committee

Atri Bhattacharya, *Chairperson, Children's Film Festival & Pr. Secretary, I&CA Dept*
Arpita Ghosh, *Director, Children's Film Festival & President, Shishu Kishore Akademi*
Yadab Mondal, *Chief Executive Officer, Nandan & E.O. Joint Secretary, I&CA Dept*
Prasad Ranjan Roy
Shankarlal Bhattacharya
Raju S. V. Raman
Chandi Mukhopadhyay
Ladly Mukhopadhaya
Sajal Datta
Dipanwita Roy
Meghnad De, *Convener, Executive Committee & Secy, Shishu Kishore Akademi*

## Publication & Printing Sub-Committee

Arpita Ghosh
Ladly Mukhopadhaya
Meghnad De
Sharbani Bandyopadhyay, *Publication Manager, SKA & Convener*
Swati Chakraborty
Anirban Ghosh, *SKA*
Madhusudan Mondal, *SKA*

## Finance Sub-Committee

Arpita Ghosh
Sonkudev Panda
Namita Roy Mallick, *Director of Culture, I&CA Dept*
Meghnad De
Arkadeb Bhaduri, *A/cs Officer, Nandan*
Basudeb Ghosh, *ADI, I&CA Department*
Ranabir Sengupta, *SKA*
Mahuya Roy, *SKA*

## Management & Liaison Sub-Committee

Arpita Ghosh
Dipanwita Roy
Meghnad De
Gautam Ganguly, *DDI, I&CA Dept*
Sharbani Bandyopadhyay, *P.M., SKA*
Arindam Mukhopadhyay, *SKA*
Anirban Ghosh, *SKA*

## Film Selection Sub-Committee

Arpita Ghosh
Ladly Mukhopadhaya
Aniruddha Dhar
Chadi Mukhopadhyay
Swati Chakraborty
Amit Roy
Asim Dasgupta
Shyamaledu Chatterjee
Kalyan Bhowmik, *Technical Supervisor, SCB, I&CA Dept*
Chandan Goswami, *Nandan*

## Technical Sub-Committee

Anup Mukherjee
Debananda Sengupta, *E.O. SCB, I&CA Dept*
Kalyan Bhowmik, *Technical Supervisor, CSB, I&CA Dept*
Purnendu Bikash Chaki
Arijit Chowdhury, *UDA, I&CA Dept*
Executive Engineer *PWD (CB) Civil, West Kolkata Division*
Executive Engineer *PWD (CB) Electrical, West Kolkata Division*

## Print Unit Sub-Committee

Gokul Sarkar, *Deputy Director of Film, I&CA Dept*
Arijit Chowdhury, *UDA, I&CA Dept*
Kalyan Bhowmik, *Technical Supervisor, SCB, I&CA Dept*
Sanjeet Koley, *Cashier, Rabindra Sadan*
Souren Halder, *Usher, Nandan*
Sailen Das, *Store-Keeper, Nandan*
Surajit Roy, *SKA*
Saikat Ghosal, *SKA*

## Event Management Sub-Committee

Arpita Ghosh
Meghnad De
Sharbani Bandyopadhyay, *P.M., SKA*
Arindam Mukhopadhyay, *SKA*
Anirban Ghosh, *SKA*
Ranabir Sengupta, *SKA*
Mahuya Roy, *SKA*
Sujit Haldar, *SKA*
Madhusudan Mondal, *SKA*

## Press & Media Sub-Committee

Arpita Ghosh
Ladly Mukhopadhaya
Dipanwita Roy
Meghnad De
Sharbani Bandyopadhyay, *P.M., SKA*
Arabinda Mondal, *Chief of News Bureau, I&CA Dept*
Utpalendu Mondal, *ADI, I&CA Dept*
Smarajit Pramanik, *AIO, I&CA Dept*
Barun Saha , *ADI, I&CA Dept*

## Programming Sub-Committee

Meghnad De
Ladly Mukhopadhaya
Swati Chakraborty
Chandan Goswamy, *Nandan*
Anirban Ghosh, *SKA*
Abhishek Das

## Exhibition & Workshop Sub-Committee

Kaustav Tarafdar, *DDI, I&CA Dept*
Sumita Dey, ADI, I&CA Dept
Pradip Kumar Sarkar, Visualiser, I&CA Dept
Nilappu Gopal, Rabindra Sadan.

## Hospitality Sub-Committee

Gautam Ganguly, *DDI, I&CA Dept*
Debashish Haldar, *ADI, I&CA Dept*
Sujoy Sarkar, *Protocol Officer, I&CA Dept*
Dipanwita Mondal, *SDICO, HQ*
Rajesh Das, *SKA*
Nakul Das, *Rabindra Sadan*

4th Kolkata International Children's Film Festival

# Content


Inaugural Film: Kaphal 17
Closing Film: Char Futiya Chhokare 19
Special Screening: The Silent Heroes 21
Centenary Tribute 23
Jackie Coogan 24
Norman Mclaren 25
Sambhu Mitra 26
Homage: Tapan Sinha 90th Birth Anniversary 27
Special Tribute
Walt Disney: 75th year of Animation Feature Studio 31
50 years Celebration 35
Mary Poppins 37
Dosti 37
25 years Celebration 39
Sabuj Dwiper Raja 40
Jay Baba Felunath 41
Heerey Manik 42
Literature and Cinema 43
Country Focus: Iran 49
Retrospective: Hayao Miyazaki 55
Looking Back 61
World Cinema 65
Sports 89
Man's Best Friend 95
In Memoriam: World War I 99
National Best 103
Best from Mumbai International Film Festival 107
Biographical Films 109
Shorts and Documentaries 111
Animation Shorts 113
Batul - 50 115
Our Films 117

4th Kolkata International Children's Film Festival

**Kaphal** (Wild Berries), India, 2013, 90 minutes

*Director* : **Batul Mukhtiar**

*Writers* : **Batul Mukhtiar, Vivik Shah**

*Cast* : Anuraaj Negi, Pawan Negi, Harish Rana, Anjali Negi, Sankalp Meshram, Subrat Dutta, Sunita Rajwar, Gita Guha, Pubali Sanyal

*Producer* : **Shravan Kumar**

'Kaphal' means 'wild berries'. Living in a small village in Garhwal, Makar and Kamru find that their father coming back home after five years is less a pleasure, and more a pain. They plan to get rid of their father, through a magic potion from a witch in the forest, Pagli Dadi (Mad Granny). Gupi and Pusu two other mischierous friends also collaborate with them. But instead they meet Pagli Dadi's granddaughter, Ghungra who takes them for a merry ride.

On the way, the boys learn many lessons, including that people are not always what they seem, and magic may work in unpredictable ways.

'কাফল' এক ধরনের বুনো টকমিষ্টি ফল। গাড়োয়ালের ছোট্ট পাহাড়ি গাঁয়ের বাসিন্দা মকর আর কমরু আবিষ্কার করে যে পাঁচ বছর পর বাবার শহর থেকে বাড়ি ফেরাটা যতটা না আনন্দের তার চেয়ে ঢের বেশি ঝামেলার। তারা ঠিক করে বনে যে ডাইনি পাগলি দাদি থাকে, তার থেকে জাদু ওষুধ নিয়ে তারা বাবার হাত থেকে মুক্তি পাবে, বাবা আবার ফেরৎ যাবে শহরে। এই পরিকল্পনায় শরিক হয় আরো দুই দুষ্টু বন্ধু বুপি আর পুসু। কিন্তু বনে ঘুরতে ঘুরতে তাদের দেখা হয় পাগলি দাদির নাতনি ঘুংগরার সঙ্গে। সে মকর ও তার বন্ধুদের নাস্তানাবুদ করে ছাড়ে। অবশেষে বাচ্চারা আবিষ্কার করে, আপাতদৃষ্টিতে যা মনে হয়, বড়োরা ঠিক সে রকম নয়, আর ম্যাজিক নানা অভাবনীয় ধরনের কাজে লাগতে পারে।



4th Kolkata International Children's Film Festival

# CLOSING FILM

**Charfutiya Chhokare,** India, 2014, 119 minutes

*Director* : **Manish Harishankar**

*Writer* : **Manish Harishankar**

*Cast* : Soha Ali Khan, Harsh Mayar, Seema Biswas, Mukesh Tiwari, Zakir Hussain, SuhasSirsat, LekhTandon, UmeshJagtap

*Producers* : **Sunill Khosla & Vibha Dutta Khosla**

Neha, a NRI, returns to India in order to construct a school building, for her NGO. Three boys guide her on that pursuit. Later she finds them to be murderers. As the news of a huge fund coming to the village spreads, politics of greed germinates. Paras, a contractor, lures the five members of the school trust with a promise to redo their houses if they help him get the construction order. Soon Paras is murdered by the trio and Lakhan, another goonda, gets the order. Neha meets the mother of one of the boys and is shocked to know the reason that drives them to serve the local goons. How Neha deals with the nexus between organized crime, police and politics.

অনাবাসী ভারতীয় নেহা দেশে ফিরে আসে তার স্বেচ্ছাসেবী সংগঠনের স্কুলবাড়ি বানাবে বলে। তিনটি কিশোর এ ব্যাপারে তার সাহায্যকারী। পরে সে জানতে পারে যে এরা আসলে খুনি। বিরাট অঙ্কের অর্থসাহায্য আসছে গ্রামে, এই খবর ছড়িয়ে পড়া মাত্র শুরু হয় লোভের রাজনীতি। কণ্ট্রাক্টর পরস স্কুল ট্রাস্টের পাঁচজন সদস্যকে লোভ দেখায় যে সে তাদের বাড়িগুলো নতুন করে দেবে। বিনিময়ে তার স্কুলবাড়ি তৈরির অর্ডার চাই। কিন্তু এই তিনটি কিশোর পরসকে খুন করে, ফলে কাজের অর্ডার পায় আর এক গুণ্ডা লাখন। যখন এই ছেলেদের মধ্যে একজনের মায়ের সঙ্গে নেহার দেখা হয়, তখন সে বুঝতে পারে, এই ছেলেরা কেন গুণ্ডাদের হয়ে কাজ করে। সংগঠিত অপরাধ, পুলিস ও রাজনীতির মিলিত চক্রের সামনে পড়ে কী করবে নেহা ?



4th Kolkata International Children's Film Festival

# SPECIAL SCREENING



**The Silent Heroes,** India, 2014, 115 mins
*Director:* **Mahesh Bhatt**

The film narrates the story of young boys and girls who have difficulties in speech and hearing. They use sign language for communication. The children go for training in mountaineering, brave many adverse situation, save others and return successful. A wonderful tale of inclusion.

এই সিনেমায় বলা আছে এমন সব কিশোর কিশোরীর গল্প যাদের কানে শোনা ও কথা বলার সমস্যা আছে। এরা মাউন্টেনিয়ারিং-এ প্রশিক্ষণ নেয়, সমস্ত প্রতিকূলতার বিরুদেধ সাহসের সঙ্গে লড়াই করে, অন্যের প্রাণ বাঁচায় এবং সফল হয়ে ফিরে আসে।



4th Kolkata International Children's Film Festival

CENTENARY TRIBUTE



**Jackie Coogan**: The world's most celebrated child artist.

**The Kid**, 1921, 68 minutes

*Director :* **Charles Chaplin**



The little tramp unwillingly takes in an abandoned baby. Though initially he tries to discard the boy, he ends up adopting him as his son. And within a few years the duo is busy earning a two-pence by breaking and repaining broken glass windows.

One day, the child falls ill and social services try to forcibly snatch him away. How will the tramp fight the world to get back his 'Kid'.



ভবঘুরে চার্লি বাধ্য হয়েই দায়িত্ব নেয় একটি অনাথ পরিত্যক্ত বাচ্চার। গোড়ায় ঝেড়ে ফেলতে চেষ্টা করলেও শিশুটিকে দত্তক নেয় চার্লি। মানুষ করে তাকে নিজের ছেলের মতই। এমনকী কয়েক বছর পরে তাকে সঙ্গে করেই নেমে পড়ে সে জানলা-ভাঙা জানালা সারাইয়ের জীবিকায়।

কিন্তু একদিন হঠাৎ শিশুটি অসুস্থ হয়ে পড়ে আর সরকারি সমাজ কল্যান দপ্তরের লোকেরা তাকে চার্লির থেকে ছিনিয়ে নিয়ে যেতে চায়। কি করে তাদের বিরুদ্ধে লড়াই করে ভবঘুরে চার্লি ফিরে পাবে তার 'কিড' কে?



**Norman McLaren** : The father of animation films




22 short animation films by Norman McLaren (1914-1937) will be screened in this festival





উৎসবে দেখানো হবে নরমান ম্যাকলারেন-এর ২২টি স্বল্প দৈর্ঘ্যের অ্যানিমেশন ছবি।



**Sambhu Mitra** : The doyen of modern Indian theatre

**Manik, India**, 1961, 138 minutes

*Director* : **Bijoli Baran Sen**

The film has been adapted from Oliver Twist, the famous novel by Charles Dickens. Sambhu Mitra has acted in an important character in the film.




চার্লস ডিকেন্সের বিখ্যাত উপন্যাস অলিভার টুইস্ট অবলম্বেনে তৈরি এই সিনেমাটি। শম্ভু মিত্র এই সিনেমায় বিশেষ গুরুত্বপূর্ণ একটি চরিত্রে অভিনয় করেছেন।



**The Honest Theatre**, A Quest, India, 2010, 52 minutes

*Director* : **Ladly Mukhopadhaya**

The film is a documentary on the legendary master of modern Indian theatre Sambhu Mitra. It portrays his ideas, his work and the impact of him on our theatre.



আধুনিক ভারতীয় নাট্যের গুরুপ্রতিম শম্ভু মিত্রের ওপর নির্মিত এই চলচ্চিত্র। তাঁর নাট্যভাবনা, তাঁর থিয়েটার এবং আমাদের নাট্যচর্চায় তাঁর প্রভাব এই সবই ধরা পড়েছে এই সিনেমায়।

# HOMAGE: TAPAN SINHA
90th birth anniversary



## **Safed Haathi**, India, 1977, 120 mins

Sibu lives in a small village bordering the jungle with his uncle, aunt and sister Rani. While his uncle is indifferent to him, his aunt is very cruel. Mynah, a talking bird, is Shibu's best friend. Shibu befriends Airawat, a white elephant who gives him gold. But the greedy uncle and aunt disclose this to the king who captures Airawat. How Sibu saves his friend?



বনের ধারে ছোট্ট গাঁয়ে শিবু আর তার বোন রাণি থাকে কাকা কাকিমার সঙ্গে। এরা খুব নিষ্ঠুর। কথা বলা ময়না শিবুর প্রিয় বন্ধু। শিবুর সঙ্গে সাদা হাতি ঐরাবতের ভাব হল, সে তাকে সোনা উপহার দিল। কিন্তু লোভী কাকা-কাকি মহারাজার কাছে এই গোপন কথা বলে দেয়; রাজা ঐরাবতকে বন্দি করে। শিবু কী করে তার বন্ধুকে বাঁচাল?

## **Aaj Ka Robin Hood**, India, 1987, 80 mins

Jatin is amongst the thousands who are actively agitating for the British to quit India. One day while on the run from authorities, he takes shelter on a tree and is apprehended by Shyam, who takes him under his wing, hides him from the British, educates him, and then subsequently hires him to teach his sons. Jatin teaches students for generations. What happens when Jatin instructs his students about the legendary bandit Robin Hood, how this story influences everyone in the community?



ব্রিটিশের বিরুদ্ধে যারা ভারত ছাড়ো আন্দোলন করেন তাদেরই একজন যতীন। একদিন পলাতক যতীন যখন একটা গাছে আশ্রয় নেয়, শ্যাম তাকে নিজের গ্রামে লুকিয়ে রাখে, পড়ায়, শেষে শ্যামের ছেলেদের পড়ানোর কাজ নেয় সে। যতীন বংশ পরম্পরায় ছাত্র পড়ায়। যতীন ছাত্রদের সবাইকে রবিন হুডের গল্প পড়ান; ছাত্রদের ওপর এই গল্প কেমন প্রভাব ফেলে।



**Anokha Moti**, India, 2000, 86 mins

Mahadev is a fisherman who goes deep into the sea to feed his mother and eight-year-old daughter, Sumati. One day he catches an oyster breaking which he gets a shining pink pearl. Sumati keeps it in the prayer room, as it is supposed to bring the family good luck. To prove the point, Mahadev wins a lottery. A greedy goldsmith, Bhabesh, plans to grab the plan and succeeds in doing so. But the pearl brings him nothing but bad luck. Finally, Sumati is the one with whom the pearl remains.



ছোট্ট মেয়ে সুমতি ও নিজের মার ভরনপোষণের জন্য মহাদেব রোজ গভীর সমুদ্রে যায় মাছ ধরতে। একদিন সে একটা ঝিনুক পেল। ঝিনুক ভেঙে বেরোল একটা চকচকে গোলাপি মুক্তো। সুমতি পয়া ভেবে মুক্তোটা পুজোর ঘরে রাখে; মুক্তো পেয়ে মহাদেব লটারি জেতে। কিন্তু লোভী স্বর্ণকার ভবেশ মুক্তোটা দখল করে। হলে কি হবে, ভবেশের জন্য মুক্তো কেবল দুর্ভাগ্যই ডেকে আনে। শেষে, মুক্তোটা সুমতির কাছেই ফিরে আসে।



The great story teller who made many films for children



4th Kolkata International Children's Film Festival

## SPECIAL TRIBUTE

### WALT DISNEY: 75TH YEAR OF ANIMATION FEATURE STUDIO



## The Jungle Book, USA, 1967, 78 minutes

*Director :* **Wolfgang Reitherman**

The film is inspired by Rudyard Kipling's story. Baby Mowgli is raised by a family of wolves. As the boy grows older, the wise panther Bagheera realizes he must be returned to is own kind, especially since he is in danger from hateful Shere Khan. Baloo, the bear, however thinks differently. After many adventures Mowgli survives encounters with Kaa the snake and finally, with Shere Khan.



রাডিয়ার্ড কিপলিং এর উপন্যাস অনুপ্রাণিত এই ছবিতে ছোট্ট মোগলি মানুষ হয় নেকড়েদের কাছে। মোগলি বড় হয়ে উঠলে চিতা বাঘিরা বোঝে যে তাকে মানুষদের কাছে পাঠিয়ে দেওয়াই ভালো, বিশেষতঃ হিংস্র শের খানের থেকে বিপদের আশংকা আছে। ভালুক বালু কিন্তু একমত নয়। অনেক অ্যাডভেঞ্চারের শেষে মোগলি দুষ্টু সাপ কা আর শের খানের সঙ্গে লড়াইয়ে জেতে।



## Snow white and the Seven Dwarfs, USA, 1937, 83 minutes

*Director :* **David Hand, William Cottrell, Wilfred Jackson, Larry Morey,**

Perce Pearce, Ben Sharpsteen

It is the first and one of the most memorable fulllength animated features from the Disney Studios. The age-old story of the little princess Snow White saved from the wrath of the wicked queen by seven friendly dwarfs. When the queen finally poisons her, she falls into a death-like sleep and is finally saved by the charming prince.



ডিজনি স্টুডিওর প্রথম পূর্ণদৈর্ঘ্যের অ্যানিমেটেড কাহিনিচিত্র। রাজকুমারী স্নো হোয়াইটকে দুষ্টু রানীর নিষ্ঠুরতা থেকে বাঁচায় সাত ভালো বামনবুড়ো। যখন রানী বিষ দিয়ে তাকে মরণ ঘুম পাড়িয়ে রাখে তখন রাজকুমার এসে তাকে বাঁচিয়ে তোলে।

## **The little Mermaid**, USA, 1989, 83 minutes

*Director* : **Ron Clements, John Musker**

Ariel, youngest daughter of King Triton, is dissatisfied with life in the sea. She longs to be with the humans above the surface, and often has arguments with her father over those "barbaric fish-eaters". She goes to meet Ursula, the Sea Witch, to strike a deal, but Ursula has bigger plans for this mermaid and her father.



রাজা ট্রিটনের ছোট মেয়ে মৎস্যকন্যা এরিয়েল সমুদ্রের নিচে থাকতে নারাজ। সে চায় ডাঙায় মানুষের মধ্যে বাঁচতে। কিন্তু বাবা তাকে বলেন, মানুষ হল বর্বর মাছখেকো প্রাণী। এরিয়েল সাহায্য চাইতে যায় জাদুকরী উরসুলার কাছে। কিন্তু তার আবার রয়েছে অন্য এক মতলব।

## **The Lion King**, USA, 1994, 89 minutes

*Director* : **Roger Allers, Rob Minkoff**

Simba, the young lion prince is born in Africa. His uncle Scar plots with the hyenas to kill king Mufasa and Prince Simba, thus capture the throne. The king is killed and Simba is led to believe by Scar that it was his fault. He flees the kingdon in shame. He makes friends with a wayward warthog and meercat duo, Poomba and Timon. After years of exile he is persuaded to return home to overthrow the usurper and claim the kingdom as his own.



ক্ষুদে সিংহ রাজপুত্তুর সিম্বা জন্ম নেয় আফ্রিকায়। তার দুষ্টু কাকা স্কার হায়েনাদের সঙ্গে ষড়যন্ত্রে রাজা মুফাসা ও রাজপুত্তুর সিম্বাকে হত্যা করে সিংহাসন দখল করার ষড়যন্ত্র করে। রাজা মারা পড়ে, সিম্বাকে বোঝানো হয় বাবার মৃত্যুর জন্য সেই দায়ী। দুঃখে সিম্বা দেশত্যাগী হয়। নির্বাসনে তার বন্ধুত্ব হয় এক বুনোশুয়োর পুম্বা আর মিয়ারক্যাট টিমনের সঙ্গে। বহুবছর পরে সিম্বা ফেরৎ আসে নিজের রাজ্যে সিংহাসন ফিরে পেতে।



**Wall-E**, USA, 2008, 98 minutes

*Director:* **Andrew Stanton**

In the distant future, a small waste collecting robot inadvertently embarks on a space journey that will ultimately decide the fate of mankind.





সুদূর ভবিষ্যতে, একটা ছোট আবর্জনা কুড়ুনি রোবটকে আচমকা এমন এক মহাকাশ-অভিযানে যেতে হয়, যা শেষপর্যন্ত মানবজাতির ভাগ্য নির্ধারণ করে।



50 YEARS CELEBRATION



4th Kolkata International Children's Film Festival

## **Dosti**, India, 1964, 163 minutes

*Director* : **Satyen Bose**

Following Mr. Gupta's sudden death aggrieved Mrs. Gupta has an accident. Their son Ramnath also faces an accident and loses his left leg. Penniless, homeless and hungry Ramnath roams the streets of Mumbai and befriends a blind young man, Mohan. They play harmonica and sing to earn livelihood. Mohan wishes to reunite with his sister, Meena who despises him, as he is poor. Ramnath befriends Manjula who passes away. Fate has more distress in store for Ramnath when he gets arrested for his alleged involvement with a group of Robbers.



মিঃ গুপ্তার আচমকা মৃত্যুর পর অবসাদগ্রস্ত মিসেস গুপ্তাও দুর্ঘটনার কবলে পড়েন। তাদের সন্তান রমানাথকেও রেহাই দেয় না ভাগ্য। অন্য একটি দুর্ঘটনায় তার বাঁ পা বাদ যায়। সর্বশান্ত ঘরছাড়া ক্ষুধার্ত রমানাথ মুম্বাই-এর রাস্তায় ঘুরতে ঘুরতে দেখা পায় অন্ধ যুবক মোহনের। দুজনের সখ্য জমে ওঠে। মোহন আর রমানাথ পথে পথে, গান গেয়ে মাউথ অরগ্যান বাজিয়ে উপার্জন করে। মোহনের একমাত্র ইচ্ছে বোন মীনার সঙ্গে একসাথে থাকার। মীনা মোহনকে ঘেন্না করে দারিদ্রের কারণে। এদিকে রমানাথ এর বন্ধু মঞ্জুলা মারা যায়। নিয়তির নিষ্ঠুরতায় রমানাথকে ডাকাতদের সাথে জড়িত থাকার অপরাধে গ্রেপ্তার করা হয়।

## **Mary Poppins**, USA, 1964, 139 minutes

*Director : Robert Stevenson*

Banks family is in search of a nanny to control their two kids. A change in the wind blows in Mary Poppins, a 'supercalifragilistic' nanny who matches the requirement of the children and not the father. She ultimately puts things right for the whole family with her magical power, before flying off again with her umbrella.



ব্যাঙ্কস পরিবারের বাচ্চাদুটোকে সামলানোর জন্য একজন ধাত্রী দরকার। মেরি পপিন্স, একজন 'সুপারক্যালিফ্র্যাজিলিস্টিক' ধাত্রী, মুশকিল আসান হয়ে আসে। বাচ্চাগুলোর সব চাহিদা পূরণ করে সেই। জাদুবলে ব্যাঙ্কস পরিবারে সব সমস্যা সমাধান করে বিদায় নেয় মেরি, উড়ুক্কু ছাতায় ভর করে।



4th Kolkata International Children's Film Festival








সুনীল গঙ্গোপাধ্যায়ের কাহিনী অবলম্বনে
তপন সিংহের ছবি
সবুজ
দ্বীপের
রাজা

## **Sabuj Dwiper Raja**, India, 1979, 106 Minutes

*Director :* **Tapan Sinha**

A criminal gang is set to steal a secret source of energy that emanates from a meteorite in a remote island of Andamans. They know that the local tribes, Jarwas, have no idea of its value. Mr. Talukdar, a patriot who fled from Cellular jail is their guide. Santu joins his uncle who is sent by Govt. of India to survey the island. They get caught in the adventure and Santu becomes instrumental in helping his uncle to thrash the criminals. The flim is based on Sunil Ganguly's novel.





একদল অপরাধী আন্দামান-এর প্রত্যন্ত অঞ্চলের খনিতে প্রচুর দুর্মূল্য অচিরাচরিত শক্তির সন্ধান পায়। তারা ভালোই জানে স্থানীয় জারোয়া আদিবাসীরা এগুলির মূল্য সম্পর্কে আদৌ অবগত নয়। এই অপরাধীদের গাইড সেলুলার জেল পালানো দেশপ্রেমিক মিঃ তালুকদার। এমতঅবস্থায় সন্তু তার কাকাবাবুর সাঙ্গে আন্দামানে পৌঁছয়। কাকাবাবুকে সেখানে পাঠিয়েছে ভারত সরকার এক সমীক্ষার কাজে। আন্দামানে সন্তু ও কাকাবাবু অ্যাডভেঞ্চারে জড়িয়ে পড়ে। সন্তু অপরাধীদের ধরার কাজে কাকাবাবুর প্রধান হাতিয়ার হয়ে ওঠে। সুনীল গঙ্গোপাধ্যায়ের উপন্যাস অবলম্বনে নির্মিত।



## **Joy Baba Felunath**, India, 1979, 112 Minutes

*Director :* **Satyajit Ray**

Famous Detective Feluda and his cousin Topshe's holiday in Benares gets interrupted when a priceless statue of Ganesh gets stolen from a local household. Suspecting Maganlal Meghraj, a ruthless trader and criminal costs Lalmohanbabu (Feluda's friend) a knife-thrower's target. But there are several other suspects as an innocent artisan is brutally murdered; a shady 'holy man' holds court on the banks of the Ganges and an adventure-loving little boy Tuku, brought up on crime thrillers.






বিখ্যাত গোয়েন্দা ফেলু মিত্তির এবং তার তুতো ভাই তোপসের বেনারসের ছুটির মেজাজে ছেদ পড়ে যখন তারা জানতে পারলো স্থানীয় এক গৃহস্থের বাড়ি থেকে অমূল্য একটি গণেশের মূর্তি খোয়া গেছে। কুখ্যাত অপরাধী এবং কালো ব্যবসায়ী মগনলাল মেঘরাজকে সন্দেহের খেসারত দিতে হয় ফেলুদার সঙ্গী লালমোহন বাবুকে। তাকে মধ্যখানে রেখে চারদিকে ছুরি তাক করে ভয় দেখানো হয়। ইতিমধ্যে অন্য এক সন্দেহভাজন শিল্পী খুন হয়ে যায়, আর এক সন্দেহভাজন 'পুণ্যাত্মা' গঙ্গার ধারে সভা বসায়। অ্যাডভেঞ্চার প্রিয় ছোট্ট ছেলে টুকু ঘটনাপ্রবাহে জড়িয়ে পড়ে।



**Heerey Manik**, India, 1979, 135 minuites

*Director :* **Salil Dutta**

Hirak and Manik lost their parents in an accident and took refuge with their uncle. His father's friend sends money from their father's savings for their upbringing, but the evil uncle uses it for himself. Finally, they fled from the house, under the influence of the novel 'Çhander Pahar". Finally they are rescued from the forest by a mother who lost her child.



হিরক মানিকের বাবা মা পথদুর্ঘটনায় মারা গেলে অনাথ দুই ভাই আশ্রয় নেয় কাকার বাড়িতে। হিরকের বাবা শুভাকাঙ্খী উকিল বন্ধু অসীমবাবু হিরক ও মানিকের দেখভালের জন্য তাদের বাবার সঞ্চয়ের টাকা থেকে মাসিক খোরপোষ পাঠালেও সেই অর্থ অন্যায়ভাবে নিজের স্বার্থে ব্যবহার করে তাদের কাকা। এদিকে 'চাঁদের পাহাড়' পড়ে অনুপ্রাণিত হয়ে দুভাই বাড়ি থেকে পালায়। জঙ্গলে অসুস্থ অবস্থায় তাদের উদ্ধার করে আশ্রয় দেয় সন্তানহারা এক মা।



# LITERATURE AND CINEMA











4th Kolkata International Children's Film Festival

## **Bari Theke Paliye**, India, 1959, 117 min

*Directed by* : **Ritwik Ghatak**

*Produced by* : **Chitrakalpa**

*Written by* : **Shibram Chakraborty (the original novel), Ritwik Ghatak (screenplay),**

The film portrays the life of Kanchan, a young boy, scared of his father, runs away from his home in search of adventurous experiences. After running away, however, he obtains a new perspective of life and finds that reality is far cruel than he could ever imagine his father to be.






শিবরাম চক্রবর্তীর কাহিনি অবলম্বনে তৈরি এই ছবির কাঞ্চন বাবার ভয়ে বাড়ি থেকে পালায়, অ্যাডভেঞ্চার-এর স্বপ্ন দেখে সে। কিন্তু, সে দেখে জীবনের অভিজ্ঞতা সে এমনকী তার বাবাকে যা ভেবেছিল তার থেকেও ঢের বেশি নিষ্ঠুর।



## **Oliver Twist**, Uk, 2005, 123 Min

*Director :* **Roman Polanski**

Oliver Twist, an orphan was born and brought up in a workhouse where the inmates are dealt cruelly by the authority. Oliver is hired out as an apprentice because he asked for a second helping of the gruel. Escaping that dismal fate, young Oliver falls in with a street urchin and his criminal mentor. When kindly Mr. Brownlow takes Oliver in, they plot to kidnap the boy. Finally Oliver finds out a real family.



চার্লস ডিকেন্সের লেখা এই মহতী উপন্যাসে অনাথ অলিভার টুইস্টের জন্ম হয় এক আশ্রমে, যেখানে ছোটদের সঙ্গে অত্যন্ত নিষ্ঠুর ব্যবহার করা হয় খেতেও দেওয়া হয় না। দ্বিতীয়বার লাপসি চাওয়ার অপরাধে অলিভারকে অ্যাপ্রেনটিস হিসাবে ভাড়া দেওয়া হয়। দুর্ভাগ্যের হাত থেকে বাঁচতে পালিয়ে যায় অলিভার, গিয়ে পড়ে অপরাধীদের পাল্লায়। যখন মিঃ ব্রাউনলো অলিভারকে আশ্রয় দেন, তখন এরা তাকে কিডন্যাপ করার ফন্দি আঁটে। শেষপর্যন্ত অবশ্য সেই কাজে তারা ব্যর্থ।



## **Adventures Of Huck Finn**, Usa, 1993, 108 Min

*Director:* **Stephen Sommers**

*Writers:* **Mark Twain (novel), Stephen Sommers(screenplay)**

*Adapted from:* **Adventures of Huckleberry Finn**

Mischievous Huck Finn is unnerved when his alcoholic father reemerging after years away, tries to use him to take away an inheritance from his late mother. Huck fakes his own death and escapes. He soon meets his friend, Jim, a slave fleeing his master. Together, the pair embarks on a raft journey down the Mississippi River, staying ahead of pursuers who blame Jim for Huck's alleged murder. And finally Huck returns while his funeral service is being held to surprise all!

মার্ক টোয়েনের কাহিনি অবলম্বনে এই ছবি। দুষ্টু হাক ফিনের নেশাড়ু বাবা দীর্ঘদিন নিরুদ্দেশ থাকার পর ফিরে এলে হাককে ব্যবহার করে তার টাকা পয়সা হস্তান্তর করতে চায়, বা তাকে মেরে ফেলতে। এই ভয়ে হাক মরে যাওয়ার ভান করে পালায়। তার দেখা হয় ক্রীতদাস জিমের সঙ্গে। সেও তার মনিয়ের কাছ থেকে পালাচ্ছে। দুজনে মিলে র‍্যাফটে চড়ে মিসিসিপি নদীতে পাড়ি দেয়। লোকে ভাবে জিমই হাককে মেরে ফেলেছে। অবশেষে নিজের অন্ত্যেষ্টির দিন হাক হঠাৎ এসে হাজির হয়। সবাই তো হাঁ!



## The Prince and The Pauper, UK, 1937, 118 minutes

**Directors: William Keighley, William Dieterle**

The film is adapted from a novel by Mark Twain with Edward VI of England as the central character. A boy is born to a poor London family, on the same day as the heir to the throne is born. As boys, they bump into one another, and after realizing that they're virtual twins, they swap outfits and end up trading homes and fun unfolds.




মার্ক টোয়েনের গল্প অবলম্বনে তৈরি এই ছবি, যার মূল চরিত্র ইংল্যাণ্ডের রাজা ষষ্ঠ এডওয়ার্ড। সিংহাসনের উত্তরাধিকারী এবং লণ্ডনের দরিদ্র পরিবারের একটি শিশুর জন্ম হয় একই দিনে। হঠাৎই এই দুই বালকের দেখা হয়, দুজনকে একই রকম দেখতে! তাই এরা মজা করার জন্য নিজেদের পোষাক ঘরবাড়ি বদলে ফেলে, তারপরে যা কাণ্ড!

## Chander Pahar, India, 2013, 148 min.

**Director: Srijit Mukhopadhaya**

Based on the novel by Bibhubhushan Bardyopadhaya, the film narrates adventures of Sankar (a young man from rural Bengal) in the heart of Africa. By chance he gets acquainted with a Portugese prospector Diego Alvarez and takes a journey to the mountains of the Moon in search of diamonds.




বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের বিখ্যাত উপন্যাস চাঁদের পাহাড় অবলম্বনে তৈরি এই ছবি। বাংলার গ্রামের ছেলে শংকর, আফ্রিকার গহনে এক অদ্ভুত অ্যাডভেঞ্চারে জড়িয়ে পড়ে। হঠাৎই তার সঙ্গে দেখা হয় এক পর্তুগীজ স্বর্ণসন্ধানী দিয়েগো অ্যালভারেজের। হিরের সন্ধানে চাঁদের পাহাড় অভিযানে শরিক হয় সে।



**Charmurti**, India, 1978, 111 mins

*Director :* **Umanath Bhattacharya**

Charmurti, a film based on Narayan Gangopadhyay's famous novel, is about the mystery in a bungalow that the four protagonists Tenida and his followers of the film face.



নারায়ণ গঙ্গোপাধ্যায়ের উপন্যাস অবলম্বনে তৈরি এই ছবি। টেনিদা আর তাঁর তিন সাঙ্গোপাঙ্গোরা ডাকবাংলোয় গিয়ে অ্যাডভেঞ্চারে জড়িয়ে পড়ল।

**Bhallu Sardar**, India, 2012, 100 minutes

*Direction :* **Debdut Ghosh**

A film based on Sharadindu Bandopadhyay's story is about an adorable 5-year-old, Bhallu, whose kiddish acts impersonating his favaourite character Mohan Dashyu ultimately brings a happy ending.





শরদিন্দু বন্দ্যোপাধ্যায়ের গল্প অবলম্বনে সিনেমাটি তৈরি হয়েছে। পাঁচ বছরের শিশু ভল্লু, তার প্রিয় চরিত্র মোহন দস্যুকে অনুকরণ করে, তার নানা ছেলেমানুষি কাণ্ডের ফল শেষে ভালোই হয়।

**Gogoler Kirti**, India, 2014, 135 mins

*Director :* **Pompy Ghosh Mukherjee**

Based on Samaresh Basu's popular Gogol fictions, the film unfolds a traditional puja in a village, where all members of the household assemble. Gogol is a young detective who helps out when a family heirloom is stolen.




সমরেশ বসুর জনপ্রিয় গোগোল সিরিজের গল্পের ভিত্তিতে তৈরি এই ছবিটি। গ্রামের বাড়িতে দুর্গাপুজো উপলক্ষে পরিবারের সবাই জড়ো হয়। পরিবারের পুরনো সম্পত্তি চুরি হলে গোয়েন্দা গোগোল তার সমাধান করে।


COUNTRY FOCUS
IRAN

**City Of Mice**, Iran, 1985, 117 minutes

*Director:* **Marzieh Boroomand, Mohammad-Ali Talebi**

Probably the most famous puppet show for children and all ages. Mice who have to leave their school and immigrate because of a wild cat who wants to eat them up. Eventually the mice defeat the cat and go back to their home.



ইঁদুর আর বিড়ালকে নিয়ে ছোটোদের জন্য এক বিখ্যাত পাপেট ছবি। ইঁদুর দুরন্ত বিড়ালের ভয়ে চাইছে স্কুল ছেড়ে দিতে। শেষ পর্যন্ত ইঁদুর হারিয়ে দেয় বিড়ালকে।

**Operation Kindergarten**, Iran, 2013, 85 minutes

*Director :* **Farzad Ajdari**

There are some children who decide to keep their mamas and papas in home with the assistance of an angel so that they would be able to play with their parents.



ক্ষুদ্রদের ইচ্ছা বাবা-মারা বাড়িতেই থাকুক আর তাদের সঙ্গে খেলা করুক। তাই তারা সাহায্য নেয় এক দেবদূতের। দেবদূত বাবা-মাদের আটকে রাখবে বাড়িতে আর তাহলেই তারা বাধ্য হবে সারাদিন ছেলে-মেয়েদের সঙ্গে খেলা করতে।

**Time Travel**, Iran, 2012, 96 minutes

*Director :* **Amir Shahab Razavian**

Time Travel narrates the story of a young boy who is trying to change the future of his family by traveling through time, with some help from the so called little genie of the magic lamp!

এক কিশোর চাইছে অন্য সময়ে চলে গিয়ে তার পরিবারের ভবিষ্যৎ সম্পূর্ণ বদলে দিতে। আর এই কাজের জন্য সে সাহায্য চায় যাদু-প্রদীপের মধ্যে লুকিয়ে থাকা দৈত্যের।



## Gordale & Auntie Ghoul, Iran, 2013, 82 minutes

*Director* : **Nadereh Torkamani**

Gordale is an intelligent, clever boy in a crowded rural family. His dad and brother earn their living by thorn picking. one day an ugly ghoul appears and introduces himself as their aunt. Dreaming of the auntie's wealth, greedy Ghazghoul takes everyone there with a donkey received from here as a present. Everyone is here idly eating and sleeping over there, when Gordale finds out about the horrible trap devised by the cannibal ghoul in the guise of auntie he must rescue them all, safe and sound.



এক গ্রাম্য বড়সড় পরিবারের ছেলে গরডালে। বেশ বুদ্ধিমান, চটপটে। তার বাবা আর দাদার পেশা হল কাঁটা তোলা। একদিন এক কুচ্ছিত রাক্ষস ছদ্মবেশে এসে বলল, যে সে নাকি তাদের পিসিমা। পিসি মস্ত বড়লোক। সে তাদের সবাইকে, এমনকী যে গাধাটা উপহার হিসাবে পেয়েছিল, তাকে সুদ্ধ নিয়ে গেল নিজের কাছে। সেখানে তো আরামে খাওয়া-দাওয়া করে দিব্যি সুখে আছে সবাই। একমাত্র গরডালেই বুঝতে পেরেছিল যে এটা আসলে দুষ্টু রাক্ষসের একটা ফাঁদ। তার বুদ্ধির জোরেই শেষ পর্যন্ত সেই বিপদ থেকে রক্ষা পেল তার বাড়ির লোকেরা।

## The Colour Of Paradise, 1999, 90 minutes

*Director* : **Majid Majidi**

Mohammad, a boy at Tehran's institute for the blind, is picked up for summer vacation to go the country. The lad is a loving student of nature and longs for village life with his family, but his father is ashamed of him. He apprentices Mohammad far from home to a blind carpenter. Can anything bring father and son together?



গরমের ছুটিতে অন্ধ স্কুল থেকে বাড়ি আসে মহম্মদ, প্রকৃতিমুগ্ধ এই মহম্মদকে তাঁর বাবা কিন্তু কাজ শেখার জন্য পাঠিয়ে দেন আরেক অন্ধ ছুতোর মিস্ত্রির কাছে। বাবা ও ছেলে কি আবার একসঙ্গে হবে?



## Bashu, The Little Stranger, Iran, 1989, 120 minutes

*Director :* **Bahram Beizai**

During the Iran-Iraq War, Bashu, a young boy loses his house and all his family. Scared, he sneaks into a truck that is leaving the area. He gets off the truck in the Northern part of the country, where everything from landscape to language is different. He meets Naii, who is trying to raise her two young children on a farm, while her husband is away. Despite cultural differences, and the fact that they do not speak the same language, Bashu and Naii slowly form a strong bond.




ইরাক-ইরানের যুদ্ধের পর গৃহছাড়া হয়ে নতুন এক জায়গায় গিয়ে পড়ে বাসু। এই অন্য পরিবেশে তার সঙ্গে দেখা হয় নাই-এর। সমস্ত সাংস্কৃতিক ব্যবধান কাটিয়ে বাসু নাই-কে নতুন করে আবিষ্কার করে।

## Taste Of Cherry, iran, 1997, 95 minutes

*Director :* **Abbas Kiarostami**

Middle-aged Mr. Badii is planning to commit suicide and desperately seeks anyone to assist him - he has already dug out the grave in the mountains, but needs an assistant who bury him when he will do the deed. Finally he finds an old Turkish man who has a sick son and previously attempted suicide himself, and he agrees to assist Badii.

মধ্য বয়সী বাডি আত্মহত্যার পরিকল্পনা করার পর খোঁজ করতে শুরু করে কে তাকে কবরে শোয়াবে। নিজের কবর নিজেই সে খুঁড়ে রেখেছে। শেষ পর্যন্ত সে খুঁজে পায় এক বৃদ্ধ তুরস্কবাসীকে যে তাকে সাহায্য করতে রাজি ওয়।



## Behrouz HIt me, Mom ! Iran, 2010, 35 minutes

*Director* : **Morteza Hashemi**

Raised in a poor family, 12 year-old Behrouz dreams of having in a bike. As Behrouz finds out that each player in the champion football team in a provincial tournament is awarded a bike, he tries hard to secure a place in their school team. But there is just one problem : he doesn't know a single point about the game!

গরিব পরিবারে বড় হওয়া ১২ বছরের বেহরুজের একমাত্র স্বপ্ন একটা বাইকের মালিক হওয়া। সে শুনল যে প্রাদেশিক ফুটবল টুর্নামেন্ট চ্যাম্পিয়ন হবে যে দল তার প্রত্যেক সদস্যকে বাইক উপহার দেওয়া হবে। ব্যস্ নিজের স্কুলের টিমে চান্স পাবার জন্য উঠেপড়ে লাগল বেহরুজ। এদিকে মুশকিল হল যে, ফুটবল খেলার নিয়ম-কানুন সে বিলকুল কিছুই জানে না!



## Green Umbrella, Iran, 2014, 100 minutes

*Director* : **Nasser Refaie**

A ten year old boy named Mehran is obliged to go on a trip with his mom when his parents are going to separate. During the trip, he explores some new 60 dimensions of living.



বিবাহ বিচ্ছেদ হতে চলেছে ১০ বছর বয়সে মেহরানের বাবা-মায়ের। এক ভ্রমনের মাধ্যমে সে আবিষ্কার করছে বেঁচে থাকার নতুন ৬০ মাত্রা।



## The Beast & Beauty, Iran, 2010, 35 minutes

*Director* : **Morteza Ghafouri**

Made for starring in a movie, a puppet named Lobat escapes from the scene to take refuge in an elementary school.

সিনেমায় অভিনয় করার জন্য স্টার হিসেবে তৈরি করে হয়েছিল লোবাত নামের পুতুল চরিত্রটিকে। কিন্তু সিন থেকে পালিয়ে সে আশ্রয় নেয় এক প্রাথমিক স্কুলে!



## The White Slopes, Iran, 2012, Duration 77 minutes

*Director* : **Mohammad Ebrahim Moayyeri**

The last of the ancient eagles of Mount Damav and is trapped and put in the smugglers' hands. They want to sell it in the southern ports of Iran. But the children along with environmentalists are seeking a way to release the bird.



এক বৃদ্ধ প্রবাদপ্রতিম ঈগলপাখির পাচার করা আটকে দিচ্ছে ছোট্ট কয়েকজন ছেলে। কয়েকজন পরিবেশ বিদকে সঙ্গে নিয়ে পাচারকারীর সঙ্গে ছোটোদের বুদ্ধির লড়াই।

## Children Of Heaven, Iran, 1997, 89 minutes

*Director* : **Majid Majidi**

Zahra's shoes are gone; her elder brother Ali lost them. They are poor, there are no shoes for Zahra. So, they come up with an idea: they will share one pair of shoes. Will the plan succeed?




জাহরার জুতো হারিয়ে ফেলেছে তার বড়ভাই আলি। তারা এতটাই গরিব যে নতুন জুতো কেনার পয়সা নেই। তাই তারা পরিকল্পনা করল দুজনেই এক জুতো পরবে। তাদের এই পরিকল্পনা কি সফল হবে?




RETROSPECTIVE : HAYAO MIYAZAKI
One of the greatest animators of our time

## My Neighbor Totoro, Japan, 1988, 86 minutes

*Director* : **Hayao Miyazaki**

Satsuke and Mei, tow young girls who find that their new country home is in a mystical forest inhabited by a menagerie of mystical creatures called Totoros. They befriend O Totoro, the biggest and eldest Totoro, who is also the king of the forest. As the girls' mother lies sick in the hospital, OTotoro takes the girls on a magical adventure in his own catbus.






সেৎসুকে আর মেই দুই বোন আবিষ্কার করে তাদের নতুন গ্রামের বাড়ির লাগোয়া জাদু বনে থাকে একদল আজগুবি তোতোরো! তাদের ভাবি ভাব জমে যায় বনের রাজা ও তোতোরোর সঙ্গে। তাদের মা যখন অসুখে পড়ে হাসপাতালে ভরতি ও তোতোরো দুই বোনকে নিয়ে বেড়াল বাসে পাড়ি দেয় এক দারুন ম্যাজিক অভিযানে।



## Nausicaa of the Valley of the Wind, Japan, 1994, 117 minutes

*Director* : **Hayao Miyazaki**

In the post-apocalyptic future, large parts of the world have been swallowed up by forests of poisonous fungi. The remaining humans live near the fungus and its monstrous insect inhabitants, trying to prevent its spread. One of the human kingdoms, the peaceful Valley of Wind, loves its gentle Princess Nausicaä and her father the king, but their peace is about to be broken, as they are swallowed up in the scheme of their warmongering neighbours. However, Nausicaä has hidden potential, and may yet change the fate of the world.




প্রলয়ের পরের এক পৃথিবী। বিষাক্ত ছত্রাকের বনে আচ্ছন্ন। মানুষ বসতি করেছে তারই মধ্যে। একদিকে জঙ্গল অন্যদিকে তার অধিবাসী রাক্ষুসে পোকারা হাওয়া উপত্যকার রাজকন্যা নসিকাকে সব ভালোবাসে। যখন যুদ্ধবাজ পড়শিদের ষড়যন্ত্রে হাওয়া উপত্যকার শান্তি সংকটে, তখন দেখা যায় নসিকাই পারে তার দূষিত পৃথিবীর ভবিতব্য বদলাতে।

## **Howl's Moving Castle**, Japan, 2004, 119 minutes

*Director :* **Hayao Miyazaki**

This is the story of 18 year-old Sophie cursed by a witch into an old woman's body, and a magician named Howl. Sophie sets out to seek her fortune, which takes her to Howl's strange moving castle. In the castle, Sophie meets Howl's fire demon, named Calsifer. Seeing that she is under a curse, the demon makes a deal with Sophie—does Sophie return to her own self?



১৮ বছরের সোফিকে এক ডাইনি অভিশাপ দিয়ে বুড়ি বানিয়ে দেয়। বেচারা বুড়ি ভাগ্য ফেরাতে হাজির হয় জাদুকর হাউলের চলমান আজব প্রাসাদে। সেখানে তার আলাপ হয় আগুনে খোক্কস ক্যালসিফারের সঙ্গে। সোফি অভিশপ্ত জানতে পেরে ক্যালসিফার তার সঙ্গে এক আশ্চর্য চুক্তি করে।



## **Porco Rosso**, Japan, 1992, 94 minutes

*Director :* **Hayao Miyazaki**

In Early 1930's era Italy, air pirates, bounty hunters and high fliers of all sorts ruled the skies. The most cunning and skilled of these pilots is PorcoRosso. He makes a living flying contract jobs, such as rescuing those kidnapped by air pirates. Donald Curtis, Porco's rival in the air provides a constant challenge to him and they engage in a battle.



১৯৩০ এর গোড়ায় ইটালির আকাশে রাজ করে উড়ুক্কু হার্মাদ ভাগ্যান্বেষীরা। এদের মধ্যে সবচেয়ে ধুরন্ধর পাইলট পর্কো রসো। সে জীবিকার জন্য চুক্তিতে প্লেন চালানোর কাজ করে, উদ্ধার করে আকাশদস্যুদের হাতে বন্দীদের। পর্কোর মূল প্রতিদ্বন্দ্বী ডোনাল্ড কার্টিস বারবার তার কাজে বাগড়া দেয়। অবশেষে বাধে লড়াই।



**Kiki's Delivery Service**, Japan, 1989, 103 minutes

## Director : Hayao Miyazaki

Kiki, a young witch-in-training, has reached the age of 13. According to tradition, all witches of that age must leave home for one year, so that they can learn how to live in their own, Kiki along with her talking cat Gigi, fly away once from the street. All is well until she wakes up one day and realizes that she can't make her broom levitate nor can she talk to her cat. What will Kiki do?



১৩ বছরের শিক্ষানবিশ ডাইনি কিকি। নিয়মমতে এই বয়সের ডাইনিদের একবছরের জন্য ঘরবাড়ি ছেড়ে থাকতে হয় যাতে তারা নিজেদের পায়ে দাঁড়াতে শেখে। কিকি ও তার কথা বলিয়ে বেড়াল জিজি থাকতে যায় সমুদ্রপারের ছোট্ট শহর কোরিকোতে। এক বেকারিতে ডেলিভারির কাজ নেয় তারা। সবই চলছিল দিব্যি, হঠাৎ একদিন ঘুম থেকে উঠে কিকি বুঝতে পারে, না সে ঝাঁটায় চড়ে উড়তে পারছে, না পারছে বিল্লির সঙ্গে কথা বলতে। এবার কী হবে কিকির?






**Castle in the Sky**, Japan, 1986, 124 minutes

## Director : Hayao Miyazaki

A young boy stumbles into a mysterious girl who floats down from the sky. The girl, Sheeta, was chased by pirates, army and government secret agents. In saving her life, they begin a high flying adventure that goes through all sorts of flying machines, eventually searching for Sheeta's Identity in a floating castle of a lost civilizati




আকাশ থেকে নেমে আসা একজন রহস্যময় মেয়ের সঙ্গে দেখা হয় একটি ছোট ছেলের। সীতা নামে এই মেয়েটিকে দস্যু, সরকারি গুপ্তচর আর সেনাবাহিনীর হাত থেকে বাঁচাতে শুরু হয় নানা ধরণের উড়ুক্কু যানে চড়ে, এক হারানো সভ্যতার, ভাসমান দুর্গের খোঁজে বিচিত্র অভিযান।

# The WInd Rises, Japan, 2013, 126 minutes

*Director* : **Hayao Miyazaki**

Jiro dreams of flying and designing beautiful airplanes, inspired by rhe famous Italian aeronautical designer Amoroni. Nearsighted from a young age and unable to be a pilot, Jiro becomes one of the world's most innovative and accomplished airplane designers.

জিরোর স্বপ্ন উড়োজাহাজ বানানো। ইটালির বিখ্যাত বিমান ডিজাইনার কাপ্রোনি তার গুরু। অল্প বয়স থেকে চোখ খারাপ থাকায় পাইলট না হতে পারা জিরো হয়ে ওঠে পৃথিবীর সবচেয়ে ভালো এরোপ্লেন ডিজাইনার।








4th Kolkata International Children's Film Festival







**Nanook Of The North**, USA, 1922, 79 minutes

*Director* : **Robert J. Flaherty**

The documentary follows the lives of Nanook, his family and his followers. "Itivimuits" are one of the approximately three hundred nomadic people who live on the eastern shores of Hudson's Bay in a region called Ungava, northern Quebec, Canada. They travel largely through kayak, searching for food, and trading in, Canada. They have some contact with white people of "western" civilization, with whom they barter for goods at set trading posts. Nanook is the fearless hero of the tribe who endures rigors "no other race" could survive in the harsh winters.

এই তথ্যচিত্র নানুক, তার পরিবার এবং অনুগামীদের জীবন বাস্তব। 'ইটভিমুটস" হডসন উপসাগরের তীরে, কানাডার নর্থ কিউবেক অঞ্চলের উনগাভা প্রদেশের কিছু বাসিন্দা। খাবারের খোঁজে তারা কায়াকে ঘুরে বেড়ায়। পাশ্চাত্য সভ্যতার গুটিকতক সাদা চামড়ার মানুষের সাথে তাদের ব্যবসায়িক সম্পর্ক। নানুক এই গোষ্ঠীর নির্ভীক নেতা যে প্রতিকূলতার সাথে লড়াই করে। অন্য কোনও জনজাতির কাছে সেই লড়াই অকল্পনীয়।





**The Wild Child**, France, 1970, 83 minutes

*Director* : **François Truffaut**

In the year of 1798, in a forest, some villagers catch a wild child who cannot walk, speak, read nor write. Doctor Itard gets interested in the child, thinks he is intelligent and starts educating him. Everybody thinks he will fail, but with a lot of love and patience, he manages to obtain results and the child finally gets integrated into the society.

১৭৯৮ সাল। ফ্রান্সের এক জঙ্গলে পাওয়া গেল একটি শিশুকে। সে হাঁটাচলা করতে, কথা বলতে কিংবা লিখতে পড়তে কিছুই পারে না। এক চিকিৎসক ছেলেটির দেখাশোনা করতে শুরু করলেন। তিনি চেষ্টা করতে লাগলেন বাচ্চাটিকে সভ্য মানুষের মতো তৈরি করার। শেষ পর্যন্ত ধীরে ধীরে বদলাতে শুরু করল ছেলেটি। মানিয়ে নিতে লাগল তার চারপাশের সঙ্গে।



**The Steamroller And The Violin**, Russia, 1961, 46 minutes

*Director :* **Andrei Tarkovsky**

An artistic, sensitive seven-year-old violinist named Sasha and a physical, blue-collar steamroller operator befriend each other after Sasha is threatened by some ruffians, spend the day together, and alter each other's perceptions of life.

প্রবাদপ্রতিম পরিচালক আন্দ্রেই তারকোভস্কির প্রথম ছবি। শাশা নামে একটি ছোট ছেলে, যে বেহালা বাজায়, তার পাড়ায় আসে এক স্টিম রোলার। এই স্টিম রোলারের ড্রাইভার এবং ভায়োলিন বাদক শিশুটির বন্ধুত্বই এই ছবির প্রধান বিষয়।




**Yankee Doodle Dandy**, USA, 1942, 126 minutes

*Director :* **Michael Curtiz**

The film is a musical portrait of composer, singer, dancer George M. Cohan. From his early days as a child-star in his family's vaudeville show up to the time of his comeback at which he received a medal from the president for his special contributions to the US.




গীতিকার গায়ক এবং নৃত্যশিল্পী জর্জ. এম. কোহেন-এর জীবনের সুরেলা প্রতিচ্ছবি এই সিনেমা। একেবারে ছোটবেলায় মঞ্চাভিনয় থেকে শুরু করে ইউ. এস প্রেসিডেন্টের কাছ থেকে সারাজীবনের অবদানের জন্য পুরস্কার বিজয় - সব কিছুই ধরা আছে এই ছবিতে। জর্জ. এম. কোহেন নানা সাঙ্গীতিক অনুষ্ঠানের জন্য বহু বিখ্যাত গান রচনা করেছেন, নির্দেশনা দিয়েছেন এবং স্বয়ং সেইসব অনুষ্ঠানে অংশও নিয়েছেন।

**The Red Balloon**, France, 1956, 34 mins

*Director:* **Albert Lamorisse**

The film, which has a music score but almost no dialogue, tells of Pascal, who, on his way to school one morning, discovers a large helium-filled, extremely spherical red balloon.

As Pascal plays with his newfound toy, he realizes it has a mind and will of its own. It begins to follow him wherever he goes, and not rise, at times floating outside his bedroom window, as his mother will not allow it in their apartment. The balloon follows him everywhere. The film ends as all the other balloons in Paris come to Pascal's aid and take him on a cluster balloon ride over the city.

পাস্কাল নামের ছোট এক ছেলে একটা লাল রঙের বেলুন খুঁজে পায়। বেলুনটা সারাক্ষন-ই অনুসরণ করে ছোটো ছেলেটিকে। বেলুন আর শিশুটির বন্ধুত্ব দেখে তার বন্ধুরা বেলুনটিকে পেতে চায়। না পেয়ে দূর থেকে ঢিল ছুঁড়ে বেলুনটিকে ফাটিয়ে দেয়। তারপর সারা শহরের যত বেলুন সব জড় হয় আর উড়িয়ে নিয়ে যায় শিশুটিকে।






## Miracle Of Marcelino, Spain, 1955, 90 minutes

*Director* : **Ladislao Vajda**

Marcelino is an orphan who grows up in a monastery. One day when he's eating his small meal in a room full of old relics he gives a piece of his bread to an old wooden Jesus figure - and indeed it takes the bread and eats it. Getting a wish granted for loving and helping out Jesus, Marcelino wishes to see his mother.

অনাথ মার্সেলিনো বড় হয়েছে মঠে। একদিন সে পুরোনো জিনিসপত্রে ভর্তি একটা ঘরে বসে তার বরাদ্দ রুটি খাচ্ছিল। সেখানে একটা যিশুর মূর্তিও ছিল। মার্সেলিনো তাকে এক টুকরো রুটি দেয়। কী আশ্চর্য ব্যাপার যিশু সেই রুটির টুকরোটা খান আর তাকে একটি বর দিতে চান। মার্সেলিনো তখন নিজের মাকে দেখতে চায় ..........






## The Adventure Of Ichabod And Mr. Toad, UK, 1949, 68 minutes

*Director* : **Jack Kinney, Clyde Geronimi, James Algar**

The film consists of two segments - the first is based on the 1908 children's novel The Wind in the Willows by British author Kenneth Grahame, and the second is based on the 1820 short story "The Legend of Sleepy Hollow," called Ichabod Crane in the film, by American author Washington Irving. As the film's animated segments are based on literary works, they are both introduced in live-action scenes set in a library as a framing device. The first segment is introduced and narrated by Basil Rathbone, and the second segment is introduced and narrated by Bing Crosby.

এই ছবিটি দুটো স্বতন্ত্র অধ্যায়ে বিভক্ত। প্রথম অংশটি ব্রিটিশ ঔপন্যাসিক কেনেথ গ্রাহামের ছোটদের উপন্যাস ''দ্যা উইণ্ড ইন দ্যা উইলোস'' এবং দ্বিতীয় অংশটি আমেরিকান লেখক ওয়াশিংটন আরভিঙ-এর ''দ্যা লেজেণ্ড অফ স্লিপি হলো'' অবলম্বনে তৈরি। প্রথম অংশটিকে উপস্থাপন করেছেন বোসিল র‍্যাথবোন আর দ্বিতীয় অংশটি বিং ক্রসবি দ্বারা বর্ণিত। দুটি ছবিই একটি লাইব্রেরিকে কেন্দ্র করে গড়ে উঠেছে।





## **One Day In Europe**, Germany, 2005, 95 minutes

*Director :* **Hannes Stöhr**

The day of the Champions League final between Galatasaray and Deportivola Coruña stops life in four European cities, adding to the problems of tourists in trouble, who are already struggling with the language barrier.

গালতাসারে এবং ডিপোর্টভেলা করুণার মধ্যে চ্যাম্পিয়নস্ লিগের ফাইনাল খেলার দরুণ ইউরোপের চারটি শহরের জনজীবন স্তব্ধ হয়ে যায়। বাইরে থেকে আসা ট্যুরিস্টরা এমনিতেই ভাষা নিয়ে বেকায়দায় পড়েছিল। এবার এসে জুড়লো নতুন সমস্যা।






## **Foreign Letters**, USA, 2012, 99 minutes

*Director :* **Ela Thier**

Young Ellie, newly arrived to the US from Israel, anxiously waits for letters from her best friend back home. Suffering from homesickness, language difficulties and rejection at school, life brightens when she meets a Vietnamese refugee her age. As the two bond and become inseparable, they eventually hurt each other, and Ellie must find a way to restore their trust.

ইজরায়েল এর মেয়ে এলি আমেরিকায় এসে উৎকণ্ঠা নিয়ে অপেক্ষা করে তার প্রিয় বন্ধুর চিঠির জন্য। ভাষার সমস্যা, স্কুলে মেলামেশার সমস্যা, বাড়ির জন্য মনখারাপ এসব নিয়েই দিন চলছিল। এই সময় সে দেখা পায় এক ভিয়েতনামী উদ্বাস্তুর। দুজনে অভিন্ন হৃদয় বন্ধু হয়ে ওঠে। কিন্তু অচিরেই একে অপরকে আঘাত করে। বিশ্বাস ফিরিয়ে আনার জন্যে নিশ্চয়ই পথ খুঁজে বের করে এলি।



**Mateo- The Great Pig Pirate**, Korea, 2004, 85 minutes

*Director :* **Song Geun-Sik**

Deep in the space, Oinka is a very peaceful town in Skyland, the floating land in the sky, the only place to live that avoids the polluted lands and seas below. Mateo and his gang's ridiculous pirating practices are the only disturbance. Princess Cutlette, accidentally falls into Mateo gang's house while trying to escape from a villain and gets caught in a long journey.



মহাশূন্যে ভাসমান শান্তির শহর ওয়িনকা। পৃথিবীর ধূলো ধোয়া থেকে মুক্ত সে দেশ। অশান্তি বলতে মাতেও আর তার সাঙ্গোপাঙ্গদের দস্যিপানা। এক দুষ্টলোকের হাত থেকে বাঁচতে গিয়ে পালানোর সময় রাজকন্যে কাতলেতে, মাতেও আর তার দলবলের বাড়িতে এসে পৌঁছয় এবং তাদের দীর্ঘ যাত্রাপথের শরিক হয়ে যায়।

**Rob-B-Hood**, Hong Kong 2006, 136 minutes

*Director :* **Benny Chan**

For never-do-well compulsive gambler Fong, there's only one thing more fearsome than debtors at his doorstep - having to coax a crying baby. But what if the baby becomes his golden goose to fend off his debtors? Can he overcome his phobia of diapers, milk bottles, and cloying lullabies?

উচ্ছন্নে যাওয়া জুয়াড়ি ফঙ্গ এর কাছে তার পাওনাদারদের চেয়েও বেশী ভয়ের পাশের বাড়ির ছিচকাঁদুনে। এই শিশুই যদি পাওনাদারদের ঠেকানোর হাতিয়ার হয়ে ওঠে? ফঙ্গ কি ডায়পার, দুধের বোতল, ঘুমপাড়ানি গানের ফোবিয়া কাটিয়ে উঠতে পারবে?






**Kameleon 2**, Netherlands, 2005, 105 minutes

*Director :* **Steven de Jong**

A money grubbing contractor wants to put a highway and a villa right through the rustic village Lenten, the hometown of the Klinkhamer twins. A few old farms and the old mill, the symbol of Lenten, have to make place for it. When these plans are disclosed it brings a tremendous commotion amongst the inhabitants of Lenten. A lot will change, that's for sure, but for the better?

এক অর্থলোভী কন্ট্রাক্টার চান ধূ ধূ গ্রাম লেনটেন-এ হাইওয়ে এবং বাগানবাড়ি তৈরি করতে। ঘটনাক্রমে লেনটেন-এ যমজ ক্লিংখ্যামার ভাইদের ঘড়বাড়ি। লেনটেনের ঐতিহ্য তার পুরোনো মিল, খামার, অবশ্যই সংরক্ষণযোগ্য। কন্ট্রাক্টার-এর কার্যকলাপ গ্রামবাসী জানতে পারলে তুমুল বাকবিতণ্ডা সৃষ্টি হয়। সময়ের সঙ্গে সঙ্গে নানা পরিবর্তন আসে, কিন্তু তা ইতিবাচক কি?









**Mister Twister Class Of Fun**, Netherlands, 2012, 77 minutes

*Director :* **Barbara Bredero**

It is about a novice teacher who makes learning fun for a group of kids who are bored in the school under the strict rule of the Principal. How the teacher and his pupils bond? Does the Principal accepts him?

স্কুলের কড়া অনুশাসনে বীতশ্রদ্ধ বাচ্চাদের এই নতুন শিক্ষক এই ছবির প্রধান চরিত্র। তিনি শিশুদের পড়ান মজার ছলে। এই শিক্ষক এবং তাদের ছাত্র-ছাত্রীদের সম্পর্কের রসায়নটা কেমন? এই সম্পর্কটি স্কুলের প্রিন্সিপ্যাল মেনে নেবেন?।

## **Pim & Pom**, Netherlands, 2009-11, 70 minutes

*Director:* **Gioia Smid**

Pim the cat is a bold daredevil. He is kept in check by his friend Pom, who is cautious and wise. Pim and Pom stand by each other through thick and thin. In the end everything always turns out alright, and Pim and Pom finally curl up in their basket.



পিম এক দুঃসাহসী বেড়াল। তাকে সবসময় চোখে চোখে রাখে পম। পম অনেক সাবধানী, জ্ঞানীও বটে। সুখে দুঃখে শেষ মেশ সুরাহা করে ফেলে। পিম আর পম নিজেদের ঝুড়িতে গুটিসুটি মেরে শুয়ে পড়ে।

## **Kids & Music**, Spain, 2012, 101 minutes

*Director:* **Ramón Tort**

A Film about Kids and Music is a project arising from a music class. Conducted by Joan Chamorro, the Sant Andreu Jazz Band brings together children between 6 and 18 years old, around a classic jazz repertoire with lots of swing.




একটা মিউজিক ক্লাসের খুদেদের মিউজিক প্রোজেক্টকে ঘিরেই এই গল্প। জোয়ান ক্যামোরো-এর নেতৃত্বে স্যান্ট অ্যান্ড্রু জ্যাজ ব্যাণ্ড ছয় থেকে আঠারো বছর বয়সী ছেলে-মেয়েদের একত্রে নিয়ে আসে। সব মিলিয়ে আলোড়ন ওঠে।

## **Frogs And Toads**, Netherlands, 2009, 75 minutes

*Director:* **Simone van Dusseldorp**

Six year old Max has an important mission: find some frogspawn for his older brother. Together with his friend, Jesse, he makes an adventurous and touching journey along fields, farms, animals and a forest which eventually leads to his grandma's home. There he's welcomed by his grandma, her pancakes and the desired frogspawn.

ছয় বছঠরের খুদে ম্যাক্স-এর আপাতত লক্ষ্য বড় দাদার জন্য ব্যাঙাচি খুঁজে বের করা। ম্যাক্স, বন্ধু জেসিকে সঙ্গে করে বেড়িয়ে পড়ে সেই কাজে। মাঠঘাট, খামার, বন - অদ্ভুত সব নৈসর্গকে পেছনে ফেলে ম্যাক্স গিয়ে পৌঁছয় তার ঠাকুমার বাড়ি। ঠাকুমার আদর, প্যানকেক আর বহুকাঙ্খিত ব্যাঙাচি—মিললো সবই।






## Winky's Horse, Netherlands, 2005, 95 minutes

*Director* : **Mischa Kamp**

There is only one thing Winky wants; a horse, a real horse to ride. But horses are expensive. Fortunately it is the season of Christmas. Winky just asks Santa Claus for a horse. Then everything will work out alright. Or will it?

উইঙ্কির একটাই চহিদা, একটা সত্যিকারের ঘোড়া, যার পিঠে চড়া যাবে। কিন্তু ঘোড়ার যে অনেক দাম। সৌভাগ্যক্রমে এটা ক্রিসমাসের সময়। উইঙ্কি সান্তা ক্লজের কাছে আবদার জানায় ঘোড়ার জন্য। এরপর?



## Rodencia And Princess Tooth, Peru. 2012, 87 minutes

*Director* : **David Bisbano**

Once upon a time, within a vast and wild forest there was a fantastic Kingdom called Rodencia, a place where wonderful creatures and powerful wizards lived. It's the story of adventures of a small mouse called Edam, a clumsy magician's apprentice and the beautiful and confident mouse Brie, who will have to face many dangerous obstacles in order to obtain the power of the princess's tooth.

এক গহিন বনে এক অদ্ভুতপূর্ব দুর্গ ছিল, তার নাম রোডেনশিয়া। রোডেনশিয়ায় নানা অদ্ভুত জীব আর অদ্ভুতুড়ে জাদুকরের বাস। এই ছবিতে ক্ষুদে ইদুর এদাম, একজন কুৎসিত জাদুকরের ছাত্র আর ব্রাই নামের এক আত্মবিশ্বাসী ইঁদুর — এই অ্যাডভেঞ্চারে জড়িয়ে পড়ে। রাজকুমারীর দাঁতের জাদুকরী শক্তি ফিরে পেতে এদের নানা বিপদের সম্মুখীন হতে হয়।



## Captain America The First Avenger, USA, 2011, 124 minutes

*Director*: **Joe Johnston**




The film tells the story of Steve Rogers, a sickly man from Brooklyn who is transformed into super-soldier Captain America to aid in the war effort during World War II.

দ্বিতীয় বিশ্বযুদ্ধের শেষে ব্রুকলিনের রোগা ভোগা লোক স্টিভ রজারস ক্যাপ্টেন অ্যামেরিকা সুপার সোলজারে রূপান্তরিত হয়। তারপর?

## **The Magicians**, Netherlands, 2010, 90 minutes

*Director :* **Joram Lürsen**

Eight-year-old Ben learns magic tricks from a magician. He is fascinated by a particular disappearing trick. However, when his friend, Sylvie, seems to have disappeared forever, he has to find out what is real and what is unreal…

আট বছরের খুদে বেন এক ম্যাজিশিয়ানের থেকে ম্যাজিকের যাবতীয় কৌশল শিখে নেয়। মানুষ উধাও করার কৌশল তাকে অনুপ্রাণিত করে। ঘটনাক্রমে তার প্রিয় বন্ধু সিলভি যখন চিরতরে হারিয়ে গেল, বেন-এর উপরেই ভার পড়ে আসল নকল-এর রহস্য সমাধান করার




## **The Magic Tree**, Poland, 2009, 83minutes

*Director :* **Andrzej Maleszka**

An apparently ordinary huge oak tree is felled by a huge storm. However it is no ordinary tree, it is magical. Tosia, Philip, Kuki one day find a chair made from its wood that will fulfill their dreams. They are with their mean aunt while their parents are on work. They use this chair to find their parents.

আপাত সাধারণ একটা ওক গাছ ঝড়ে উপড়ে যায়। দেখতে সাধারণ হলেও গাছটা কিন্তু সাধারণ নয়। এর দৈবশক্তি আছে। তোসিয়া, ফিলিপ, কুকি একদিন ওই ওক গাছের কাঠের তৈরি একটা চেয়ার খুঁজে পায় যার ইচ্ছেপূরণের ক্ষমতা আছে। বাবা মা কাজে থাকেন। তারা সেই ইচ্ছেপূরণ চেয়ার ব্যবহার করে বাবা মাকে খুঁজে বের করার জন্য।






## The Land Of Good Children, Russia, 2013, 78 minutes

*Director :* **Olga Tomenko**

10 years old lively and naughty Sasha lives with brother, granparents, mother and Dad. On New Year's Eve, her parents make a wish that the naughty girl remains in the passing year and only the good girl passes on to the New Year. The wish comes true: Sasha is transported to the magical land of good children, and a sterile good girl comes to live with Sasha's parents who accept her as Sasha. But her parents soon get frustrated with the good girl. To get back to her family, Sasha has to prove her worth. Fortunately, she's helped out by her new friends, Baguette the cat and Balbes the dog.

১০ বছরের দস্যি মেয়ে সাশা বাবা, মা, ঠাকুরদা ঠাকুমার সঙ্গে থাকে। সাশা গিয়ে পৌঁছায় এক মায়াবী দেশে যেখানে ভালো ছেলেমেয়েরা থাকে। সেখান থেকে সাশার বিকল্প হিসেবে তাদের বাড়িতে আসে এক আপেক্ষাকৃত শান্ত মেয়ে। কিন্তু সাশার বাবা মা বিরক্ত। এখন বাড়ি ফিরতে গেলে সাশাকে নিজেকে প্রমাণ করতে হবে। সাশার নতুন বন্ধু বাগুয়েত (বেড়াল) আর বালবেস (কুকুর) তার সাহার্য্যার্থে এগিয়ে আসে।




## Flipper, USA, 1996, 95 minutes

*Director :* **Alan Shapiro**




It is a remake of the 1963 film by the same name. The movie is about a boy who has to spend the summer with his uncle, who lives on the Gold Coast. He encounters a bespectacled dolphin whom he names Flipper and with whom he forms a friendship.

১৯৬৩ সালে তৈরি ফ্লিপার ছবিটির পুনর্নির্মান এটা। ছবির গল্প আবর্তিত হচ্ছে একটি ছোট্ট ছেলেকে ঘিরে যে গোল্ড কোস্ট এ তার কাকার কাছে থাকতে গিয়ে চশমা পরা ডলফিনের মুখামুখি হয়। ডলফিনটার নাম রাখে সে ফ্লিপার। দুজনের ভাব জমে ওঠে।

## Hook, USA, 1991, 144 minutes

*Director :* **Steven Spielberg**

The film focuses on a grown-up Peter Pan who has forgotten his childhood. Now known as Peter Banning, he is a successful corporate lawyer with a wife and two children. Hook kidnaps his children and Peter must return to Neverland and reclaim his youthful spirit in order to challenge his old enemy.




শৈশব বিস্মৃত দুঁধে কর্পোরেট উকিল পিটার প্যান। দুই সন্তান, স্ত্রী নিয়ে সংসারী সে। হুক তার সন্তানদের কিডন্যাপ করে। পিটার নেভারল্যান্ড-এ আসে। যৌবনের তুমুল উদ্দীপনা নিয়ে পুরোনো শত্রুকে চ্যালেঞ্জ জানায়।



**Hocus Pocus**, USA, 1993, 96 minutes

*Director:* **Kenny Ortega**




300 years ago, the Sanderson sisters had bewitched people. Now it's Halloween 1993 and Max Dennison has lit the candle that would bring the witches back to life!

তিনশো বছর আগের কথা। তখন স্যান্ডারসন বোনেরা মানুষজনকে সম্মোহন করত ডাইনিবিদ্যার কারিকুরীতে ১৯৯৩ এর হলোউইন এ মাক্স ডেনিসন একটা মোমবাতি জ্বালিয়ে সেই ডাইনিদের ফিরিয়ে আনতে চাইছে।

**Casper**, USA, 1995, 100 minutes

*Director :* **Brad SIlberling**

Kat and her dad, Dr. Harvey head to an old house that is haunted by Ghosts. Dr. Harvey's job is to get the Ghosts out of the house. But Kat meets a ghost named Casper who is in love with Kat. And then?




ক্যাট আর তার বাবা ডঃ হার্ভে চলেছে এক পুরোনো আমলের ভুতুড়ে বাড়ির দিকে। ড হার্ভের কাজটা ভুত তাড়ানোর। কিন্তু ক্যাট ক্যাসপার নামে এক ভুতের দেখা পেল যার হৃদয়ে ক্যাটের প্রতি গভীর ভালবাসা। এবার কী করবে ক্যাট ?




**Barbie & The Diamond Castle**, USA, 2008, 78 minutes

*Director :* **Gino Nichele**

It is a musical fairy tale about two girls named Liana and Alexa, played by Barbie and her best friend Teresa, and it is a story about friendship and music.লিয়ানা এবং আলেক্সা এই দুই মেয়েকে ঘিরেই এই রূপকথার গল্প যাতে এই দুই জনের ভূমিকায় অভিনয় করেছে বার্বি আর তার প্রিয় বান্ধবী টেরেসা। বন্ধুত্ব আর সুরের মূর্চ্ছনায় বোনা হয়েছে এই ছবি।



## Teenage Mutant Ninja Turtles, USA, 1990, 93 minutes

*Director :* **Steve Barron**




Through contact with a mysterious substance, called Ooze, 4 little turtles in the canalization of New York mutate to giant turtles. They can speak, walk upright and love pizza. The wise rat Splinter becomes their mentor and educates them to Ninja fighters. Their arch-enemy is the bad, bad guy Shredder, who struggles to gain power over the world. Of course the ninja turtles will do everything to stop him.

চারটে ছোটো কচ্ছপ উজ্ নামে একটা রহস্যজনক জিনিসের সংস্পর্শে এসে দৈত্যাকার হয়ে ওঠে। তারা দিব্যি সোজা হয়ে হাঁটতে পারে, কথা বলতে পারে, পিজা খেতে ভালোবাসে। জ্ঞানী ইঁদুর প্লিন্টার ওদের নিনজা ফাইটিং শেখায়। দুষ্টু শ্রেডার, যে দুনিয়ার দখল নেওয়ার চেষ্টা করে, তাকে আটকাতে ওরা বদ্ধপরিকর।

## Teenage Mutant Ninja Turtles II The Secret Of The Ooze, USA, 1991, 88 minutes

*Director :* **Micheal pressman**

The turtles find out where the Ooze, the substance which made them mutate, came from. Unfortunately Shredder learns about it too, and uses it to enhance himself. So the turtles have to prove again who's the better ninja fighter.




কচ্ছপেরা আবিষ্কার করে উজ নামের জিনিসটা এসেছে কোথা থেকে। দুঃখের কথা হল শ্রেডারও রহস্যটা জেনে ফেলে, নিজেকে আরো শক্তিশালী করে তোলে। কাজেই কচ্ছপদের এখন প্রমাণ করতে হবে কারা ভালো নিনজা যোদ্ধা।



## Teenage Mutant Ninja Turtles III, USA, 1993, 96 minutes

*Director :* **Stuart Gillard**




The four turtles travel back in time to the days of the legendary and deadly samurai in ancient Japan, where they train to perfect the art of becoming one. The turtles also assist a small village in an uprising.

চার কচ্ছপ সময় পাড়ি দিয়ে অতীতের সামুরাইদের যুগে পৌঁছায় যেখানে তারা আরো ভালো করে নিন্‌জা প্রশিক্ষণ নেয়; এমনকী একটা গ্রামের বিদ্রোহে সাহায্যও করে।

## Teenage Mutant Ninja Turtles IV, USA, 2007, 87 minutes

*Director :* **Kevin Munroe**

Strange events are occurring in New York City, and the Turtles are needed more than ever, but Raphael, Donatello, and Michelangelo have become lost and directionless. With the city at stake, it's up to Leonardo and Zen Master Splinter to restore unity and ninja discipline to the Turtles.




নিউ ইয়র্ক সিটিতে নানা অদ্ভুত ঘটনা ঘটে। কচ্ছপদের উপস্থিতি আরো বেশি গুরুত্বপূর্ণ হয়ে ওঠে—ওরা কি সব ঠিকঠাক করে নিতে পারবে?

**Iep!** , Netherlands, 2010, 82 minutes

*Director* : **Rita Horst**

Iep! is about Viegeltje, who looks like a girl but has wings instead of arms. Bird-watcher Warre finds her under brushwoods and takes her home. Warre and his wife Tine decide to keep Viegeltje and to raise her like an ordinary girl. But Viegeltje isn't an ordinary girl and she flies away. She wants to go to the South with the other birds. It becomes a long and adventurous journey.



একটি ছোটো মেয়ে যার হাতের বদলে আছে ডানা! পক্ষীবিশারদ ওয়ার তাকে ঝোপের নিচে কুড়িয়ে পায়। সে আর তার বৌ ঠিক করে তাকে সাধারণ মেয়ের মতো মানুষ করবে। কিন্তু সে তো আর সাধারণ মেয়ে নয়। তাই সে উড়ে যায়। অন্য পাখিদের সঙ্গে দক্ষিণে পাড়ি দিতে গিয়ে সে বিরাট এক অ্যাডভেঞ্চার জড়িয়ে যায়।

**Aya of Yop city**, France, 2012, 84 min

*Director* : **Clement Oubrerie**




Some teenage girls, in the peaceful Abidjan working-class neighbourhood of Yopougon, also know as Yop city, strive for love and the right boyfriend.

আবিজানের এক মধ্যবিত্ত পাড়া য়ুপুগঁতে, যার আর এক নাম শহর য়প, একদল কিশোরী সেখানে মুখিয়ে রয়েছে প্রেম এবং সঠিক প্রেমিকের আকাঙ্খায়।

**Fuchsia the mini-witch**, Netherlands, 2010, 95 minutes

*Director* : **Johan Nijenhuis**

Great adventures can hatch from the smallest eggs. Fucsia wants to learn to do magic just like her father, and so is pleased as punch when she is allowed to go to witches' school. There, Fucsia learns to make wind and conjures with the clouds. But her magic often has unexpected results, however, as she is sometimes that little bit too ambitious.

ছোট্ট ডিম থেকেও ঘটতে পারে বিরাট কান্ড! ফুশিয়া তার বাবার মতো ম্যাজিক শিখতে চায়। কাজেই ডাইনিদের স্কুলে যখন তাকে ভর্তি করা হয় তখন তার খুশি দেখে কে! ফুশিয়া স্কুলে শেখে কী করে মেঘ আর হাওয়া তৈরি করতে হয়। মুশকিল হল ম্যাজিক করতে গিয়ে মাঝেমাঝেই সে নানা অঘটন ঘটিয়ে ফেলে।






## Raining cats and frogs, France, 2003, 90 min,

*Director :* **Jacques-Remy Girerd**

It's a catastrophe! A flood has hit our planet and an unusual group of people are all that remains. Led by Ferdinand, a modern day Noah, this little group have managed to defy the furiously raging elements. People and animals are dragged through this incredible whirlpool of an adventure.



একেবারে কেলেঙ্কারিয়াস কান্ড! ভয়ঙ্কর প্রলয়ে ভেসে গিয়েছে বিশ্বসংসার টিকে আছে কেবল একদল আজগুবি লোক। আজকের 'নোহ'- ফার্দিনান্দের নেতৃত্বে এই ছোট্ট দলটি মোকাবিলা করে উন্মত্ত প্রকৃতির। এই সামান্য অ্যাডভেঞ্চারে জড়িয়ে পড়ে মানুষ থেকে পশুপাখিরা সবাই।

## Father Frismas, France, 2013, 26 min

*Director :* **Yuri Cherenkov**

In the Alps, father Frismas, has always taken care of the snow cover of the mountains using his magical powers. But this year, all of this seems appears to be threatened by the villager's wrong doings.আল্পস্ পাহাড়ের বুড়ো ফাদার ক্রিস্মাস দায়িত্ব নিয়ে যাদু দিয়ে বরফে মুড়ে রাখেন রুক্ষ পাথরের পাহাড়চূড়াগুলো। কিন্তু এই বছর, গ্রামবাসীদের নানা দুষ্কর্মের ফলে এই যাদু আদৌ কাজ করবে কিনা বলা কঠিন।







## Mia and the Migoo, France, 2008, 91 min

*Director :* **Jacques-Remy Girerd**

After her mother's death, Mia, a 10 years old girl, leaves her village looking for her father. Along the way, she encounters the Migoo, a race of curious identical creatures that can take any form they please. The Migoo protect a tree that is crucial to the future of all living creatures on Earth. That tree is in danger due to the development that Mia's father has been working on. Actually, her father is one of the labourers charged with constructing a resort that threatens the sacred tree.

মায়ের মৃত্যুর পরে দশ বছরের ছোট্ট মিয়া গ্রাম ছেড়ে চলে যায় বাবার খোঁজে। পথে তার দেখা হয় একদল মিগুর সঙ্গে। মিগুরা একদল উৎসুক জানোয়ার যারা চাইলেই ভোল পাল্টে ফেলতে পারে। এই মিগুরা সবাই মিলে রক্ষা করে একটা এমন গাছকে; যে গাছ পৃথিবীর বুকে সমস্ত প্রাণীর অস্তিত্ব টিকিয়ে রাখে। যখন উন্নয়নের কবলে পড়ে এই গাছের ভবিষ্যত সংশয়ে ভরপুর, মিয়া আবিষ্কার করে, তার বাবা এই উন্নয়নের কাজে যুক্ত একজন কর্মী।



## The Eye of the Wolf, France, 1998, 26 min

*Director :* **Hoel Caouissin**

This animated film is based on the novel of Daniel Pennac, Two allegorical stories, one of a boy named Africa and one of a captive Alaskan wolf who has only one eye, Blue wolf, merge through a unique device; the boy and the wolf communicate solely through eye contact sharing their personal stories.

দানিয়েল পেনাকের উপন্যাস অবলম্বনে তৈরি এই ছোট্ট অ্যানিমেশন ছবিটা। রূপকের ধরণে ছবিটা গল্প বলে ছোট ছেলে আফ্রিকা আর আলাস্কার এক বন্দি একচোখে নেকড়ের দুজনের গল্প মিলে মিশে যায় দুজনের চোখ চেয়ে থাকার দ্যোতনায়, হয়ে ওঠে এক অনবদ্য সিনেমা অভিজ্ঞতা।

## A cat in Paris, France, 2010, 62 min

*Director :* **Jean-Loup Felicioli**

Dino is a cat that leads a double life, By day, he lives with Zoe, a little girl whose mother, Jeanne, is a police officer. By night, he works with Nico, a burglar with a big heart. One day, Dino must come to the rescue of Zoe after she falls into a gangster's clutches.

বেড়াল ডিনো দিনে থাকে জোই-র পোষা বেড়াল সেজে, যার মা জিন আবার পুলিশের দারোগা। অন্যদিকে রাত্তিরে সে দরাজদিল চোর নিকোর সাকরেদ। একদিন, জোই একদল গুণ্ডার কবলে পড়লে, ডিনোর ঘাড়েই পড়ে তাকে উদ্ধার করার দায়িত্ব।




## The World At 10, Canada, 2003, 41 minutes

*Director:* **Aeyliya Husain**




Mahfuzur works hard and wants to be accepted, but Neola is increasingly distracted by longings for her absent mother. The film captures 10 year old students as they learn realities of life in culturally diverse Canada.

মাহফুজুর খুব খাটিয়ে। অন্যদিকে নেওলা দূরে থাকা মায়ের জন্য আনমনা। নানা ভাষা-সংস্কৃতির দেশ কানাডার স্কুলে ১০ বছরের স্কুল ছাত্রদের জীবন-অভিজ্ঞতা নিয়ে এই সিনেমা।



## My Mommy is in America and she met Buffalo Bill,

France, 2013, 75 min

*Director :* **Marc Boreal**

Jean lives with his little Brother Paul, his dad and Yvette. He is a typical young boy who just wants to play with his best friends and watch TV. One thing is missing though. Where is Mommy? He receives postcards from her, Spain, Africa, America..., read to him by Michele, the neighbour girl.

জঁ থাকে তার বাবা, ছোট ভাই পল আর ইভেতের সঙ্গে। আর দশটা ছোট ছেলের মতই সে সবচেয়ে আনন্দে থাকে বন্ধুদের সঙ্গে খেলাধুলো করে আর টিভি দেখে। কেবল যদি মাও থাকত! মাঝেমাঝেই স্পেন, আফ্রিকা, আমেরিকা থেকে মার পাঠানো পোস্টকার্ড পায় জঁ, যেগুলো তাকে পড়ে শোনায় পাড়াতুতো দিদি মিশেল।





## The Apple and The Worm, Denmark, 2009, 75 mins

*Director :* **Anders Morgenthaler**

Torben is a self-absorbed red applewho dreams of becoming a handsome and brightly polished show apple. Natually, he is scared of everything that mihgt sour life for an apple.

টরবেন হল লাল টুকটুকে এক আত্মকেন্দ্রিক আপেল। তার একমাত্র উদ্দেশ্য সারাজীবন চকচকে টুকটুকে সুন্দরটি থাকা! স্বাভাবিকভাবেই সে সমস্ত কিছু, যা তাকে নষ্ট করতে পারে, তা নিয়ে আতঙ্কিত।

## Four Seasons In The Life Of Ludovic, Canada, 1998, 90 minutes



*Director:* **Co Hoedeman**

Welcome to the world of Ludovic, a cute and curious four-and-a-half years old teddy. All his inanimate playthings spring to life and the laws of gravity are tossed out the window! Surprises, thus, abound. Ludovic's family with Papa, Mama, Granpa and Granny are also present to our contentment.

ছোট্ট টেডি লুডোভিকের জীবনে অঢেল মজা। তার খেলনারা সব জ্যান্ত হয়ে ওঠে আর নানা কাণ্ড ঘটায়।



## **Lotte and Moonstone Secret**, Estonia/Latvia, 2011, 75 mins

*Director* : **Heiki Ernits, Janno Põldma**

Klaus and his friends Fred and Ville took three stones from a secret temple. They didn't know that the stones are the only way for the Moon Rabbits to get back home. While two of them, Tik and Rhiv, search for Klaus and the stones, Lotte and her uncle want to unlock the stones' secrets. They have many adventures on their way to find Fred and Ville, during which they are followed by the two Moon Rabbits and Paul, the cat, who is also very interested in the mysterious stones.



ক্লাউস ও দুই বন্ধু ফ্রেড এবং ভিল গুপ্ত এক মন্দির থেকে তিনটি পাথর নেয়। জানত না, চাঁদের খরগোসদের বাড়ি ফেরার একমাত্র উপায় এই পাথরগুলো। দুই খরগোস টিক ও রিভ যখন ক্লাউস ও পাথরগুলোর খোঁজ করছে; তখন লটে তার কাকার সঙ্গ পাথরের রহস্যভেদে ব্যস্ত। ফ্রেড ও ভিলকে খুঁজতে গিয়ে নানা অ্যাডভেঞ্চারে জড়িয়ে পড়ে তারা। সারাক্ষণ তাদের অনুসরণ করে চাঁদের দুই খরগোস আর পল নামে এক বেড়াল, সেই রহস্যজনক পাথরগুলো চায়।

## **Ricky ... Three's A Crowd**, Germany, 2013, 88 min

*Director* : **Kai S. Pieck**

10-year old Ricky knows no fear, but still comes off worst against his cooler, bigger, brother Micha (15), who is always telling him to "Piss off!" Micha has disputes with his father also. A new friend, a girl named Alex moves to the village and Ricky gets friendly with her, while he has to spy on her also on Micha's behalf. How Ricky deals with his loyalties to both Micha and Alex when a crisis develops?

দশ বছরের রিকির জীবন মোটেই সুখের নয়। তার বড় ভাই মিকা সদ্য স্কুল ছেড়ে দিয়েছে। মিকা রিকির জীবন অতিষ্ঠ করে দেয়। তাদের বাড়ির ব্যবসায় লোকসান হচ্ছে। বড়দের তাই মন-মেজাজ খারাপ। মিকার সঙ্গে তার বাবার ঝগড়া ক্রমশ বাড়ছে। অবস্থাটা বদলে যায় যখন শক্তপোক্ত, মাথা গরম মেয়ে অ্যালেক্স তার কুকুরকে নিয়ে শহরে আসে। মিকার তাকে ভারি পছন্দ। কিন্তু সুবিধা করতে পারে না। মিকা তাই রিকিকে অ্যালেক্সের খবরাখবর নিতে চর বানায়। বদলে মিকা কথা দেয় যে তার দুই দুষ্টু বন্ধু রিকিকে বিরক্ত করতে না পারে সেটা সে দেখবে। কিন্তু এবার তো রিকিকে ঠিক করতে হবে কে তার কাছে বেশি গুরুত্বপূর্ণ। তার দাদা? নাকি অ্যালেক্স যে অনায়াসে তার সত্যিকারের বন্ধু? তার কাল্পনিক বন্ধু চিনে সাধু, দি লাও পেঙ্গ। যখনই একলা লাগত তখনই রিকি কথা বলত তার সঙ্গে। সেই সাহায্য করে রিকিকে।





## The Great Bear, Denmark, 2011, 75 minutes

*Director :* **Esben Toft Jacobsen**

Jonathan usually spends his vacations alone with his grandfather who lives on the edge of a vast forest populated by mythical animals. This year his kid sister Sophie joins him. But it's not cool to be stuck with a little sister, so he does what he can to avoid her. But, Sophie is kidnapped by a giant, 1000-year-old bear. Now, Jonathan has to venture into the heart of the forest to confront the strange beings that dwell there and rescue his sister.

জোনাথন তার ছুটি কাটায় দাদুর সঙ্গে, এক জঙ্গলের মধ্যে যেখানে থাকে সব পৌরাণিক প্রাণীরা। এবছর তার সঙ্গে রয়েছে তার বোন সোফি। ১০০০ হাজার বছর বয়সী এক ভালুক চুরি করে সোফিকে। এখন জোনাথনের দায়িত্ব বোনকে খুঁজে বের করা।



## The Weiqui King And His Son, China, Year?, 95 minutes

*Director :* **Jhou Wei**

The story is about a man who is called "the Go King" by his peers and adored for his skill in Weiqui. However he is unemployed and his fed up wife is leaving him. Surprisingly his son however wants to stay with him, and soon found to be really talented in Weiqui. The Go king must now come up with the money to finance his son's study of Weiqui. The son makes his mother agree to come back to the family if he wins the big Weiqui tournament in the city.

ওয়েইকুই খেলায় দড় বাবা বেকার। তাই মা রাগ করে বাড়ি ছেড়েছেন। ছেলেও ভাল ওয়েইকুই খেলে, কিন্তু শহরের চ্যাম্পিয়নশিপ খেলার জন্য টাকা যোগাড় করা দরকার। খেলায় জিতে ছেলে কি বাবা-মার ঝগড়া মেটাতে পারে?



## The Mysterious Boy, Croatia, 2013, 88 minutes

*Director :* **Dražen Žarkovi?**

Koko's friend Tomo has recently moved to the city and he craves adventure. The attention of Tomo and Koko is drawn by a new student who is acting strangely. Together with their classroom friend Marijana, they will reveal his well-kept secret step by step which leads to an adventure. Are Koko and his friends up to this task? Is the solution more frightening than they thought? How are they going to deal with it?



কোকো আর টোমোর স্কুলে নতুন ছাত্র এসেছে, যার আচার আচরণ একটু অদ্ভুত। এর রহস্যভেদ করতে গিয়ে অ্যাডভেঞ্চারে জড়িয়ে পরে কোকোরা। কিন্তু সবটা তারা সামলাতে পারবে কি?

## Rowing, Brasil, 2013, 74 mins

*Director:* **Valério Fonseca**

A stroll through the rowing clubs of Rio de Janeiro, the past glories, stories of winning. The athletes of yesterday and today, the nature and the oar, a passionate chronicle about rowing.

রিও ডি জেনিরোর রোয়িং ক্লাবগুলোতে ঘুরে বেড়ায় এই সিনেমার কাহিনি, পুরনো গৌরবের দিন, ম্যাচ জেতার গল্প, অতীতের আর আজকের দিনের খেলোয়াড়েরা প্রকৃতি আর দাঁড়ের গল্প সবই ধরা পড়ে।

## Marco Macaco, Denmark, 2012, 80 minutes

*Director :* **Jan Rahbak**

In his dreams, Marco Macaco is a cool cop solving major crimes. In reality, he is a dedicated beach officer on a peaceful tropical island. His hopes to win beautiful Lulu's heart get shattered when charming Carlo arrives on the island to build a gigantic monkey-shaped casino. Suspicious of his rival, Marco starts an undercover investigation and reveals the incredible truth: Carlo wants to take over the island! Grave problem ensues because Carlo's casino is a giant robot!

মার্কো স্বপ্ন দেখে যে সে একজন স্মার্ট পুলিশ অফিসার হবে। আসলে সে বিচের নিরাপত্তার দায়িত্বে যেখানে সবকিছুই শান্ত। কিন্তু এখানে হাজির হয় কার্লো, সে পুরো দ্বীপটা দখল করতে চায় একটা দানো বাঁদুরে রোবট নিয়ে। মার্কো এখন কী করে?






**Freddy Frogface**, Denmark, 2011, 78 minutes

*Director :* **Peter Dodd**

Life isn't easy for young Victor, who not only has to face a world full of stern grown-ups but also the town bully Freddy Frogface. Then, when Victor has the chance to perform in a talent show, Freddy comes up with a sinister plot to spoil his plans!

ভিক্টরের জীবন মোটেই সুখের নয়। কারণ তার চারপাশে রয়েছে বড়দের দল যার পাণ্ডা ফ্রেডি ফ্রগফেস। এক ট্যালেন্ট শোয়ে ভিক্টর অংশ নিতে গেলে তা বানচাল করতে চায় ফ্রেডি।






**Lost In Africa**, Denmark, 2010, 93 mins

*Director :* **Vibeke Muasya**

Simon,11, a adopted boy with colours and soccer enthusiast, travels with his Danish mother to his country of origin, Kenya. Soon after arriving, Simon loses his beloved soccer ball. When he tries to find it, he gets lost in the biggest city-slum in Africa. In this urban jungle he makes new friends though who help rescue him from his kidnappers.

